তাহা শুনিয়া যুসফ নামে বালক কহিল হে মহাশয় আমার মনে লইল না যে আপনি তদর্থ করিতে পারিবেন।

তাহাতে গায়স্ কহিল হে বৎস বহুকালাবধি আমি ঐ রূপ বিষয় ব্যবসাতে প্রতিপালিত হইয়াছি। কার্য্যদ্বারা মনুষ্য যত জ্ঞাত হয় অন্য কোনো কিছুর দ্বারা তত জ্ঞাত হইতে পারে না। দয়াশাল হওনবিষয়ে আমি আত্মপ্রভুকর্তৃক শিক্ষিত হইয়াছি এবং তৎকার্য্য ব্যবহারদ্বারা জ্ঞাত হইয়াছি যে আমি তাহাতে লাভ প্রাপ্ত হইয়াছি। ছড়ায় অথচ বৃদ্ধি পায় এমত লোক আছে এবং প্রয়োজনাধিক সঞ্চয় করিয়া রাখে অথচ দীনহীনতাপ্রাপ্ত হয় এমত লোক আছে। আপনাকে ধনবান করে অথচ তাহার কিছু নাই এমত লোক আছে এবং আপনাকে দীনহীন করে অথচ বহুধন পায় এমত লোকও আছে।

অপর শামুএল নামে বালক খ্রীষ্টীয়ানী নামে আত্মমাতাকে শনৈঃ কহিল হে মাতঃ ইহা অত্যুত্তম মনুষ্যের গৃহ এই স্থানে আমরা বহুকালব্যাপিয়া অবস্থিতি করি এবং অগ্রসর হওনপূর্ব্বে মাতিউ নামে আমার ভ্রাতার এবং অনুগ্রহশীলার বিবাহ হউক।

গায়স্ নামে গৃহকর্ত্তা ঐ বাক্য শুনাতে কহিল হে আমার বৎস এবিষয়ে আমার অত্যাহ্লাদ।

তাহাতে তাহারা ঐ স্থানে এক মাসাধিক প্রবাস করিল এবং অনুগ্রহশীলা ভার্য্যার্থে মাতিউকে দত্তা হইল।

সেই স্থানে বাসসময়ে অনুগ্রহশীলা আত্মপূর্ব্বরীত্যনুক্রমে দরিদ্রেরদিগকে দানার্থে অঙ্গরাখা বস্ত্র ইত্যাদি নির্ম্মাণ করিল এতদ্দ্বারা সে যাত্রিরদের বহু সুখ্যাতি জন্মাইল।

১১ একাদশাধ্যায়।

গায়সের গৃহে যাত্রিরদের অবস্থিতি এবং সেই স্থানহইতে চড়াও করিয়া ভদ্রনাশক বীরের অথচ রাক্ষসের বধানন্তর দুর্ব্বলচিত্তমহাশয়কে মুক্তকরণ বিবরণ।

কিন্তু আমরা আপনারদের বিবরণ পুনরারম্ভ করি রাত্রিভোজ সমাপ্তি হইলে বালকেরা শয়ন করিতে চাহিল যেহেতুক তাহারা পথগমনপ্রযুক্ত শ্রান্ত ছিল তাহা শুনিয়া গায়স্ তাহারদিগকে ডাকাইয়া তাহারদের শয়নাগার দর্শাইয়া দিল তাহা দেখিয়া অনুগ্রহশীলা কহিল আমি তাহারদিগের শয়ন করাইব তাহাতে সে তাহারদিগকে শয়ন করাণমাত্রেতে তাহারা ঘোরনিদ্রা গেল কিন্তু অন্য সকলে তাবদ্রাত্রি জাগরণ করিল যেহেতুক গায়সের এবং তাহারদের এই মত আলাপ হইল যে তাহারা কিপ্রকার পৃথক্ হয় ইহা জানিল না। অপর স্বপ্রভুবিষয়ে এবং আত্মবিষয়ে এবং স্বস্বযাত্রাবিষয়ে বহু কথোপকথনানন্তর গায়সপ্রতি কথিত হেয়ালিপ্রশ্নকর্ত্তা বৃদ্ধসত্যবাদিমহাশয় ঝিমাইতে লাগিলেন। তাহা দেখিয়া বৃহচ্চিত্ত কহিলেন হে মহাশয় আপনি কি ঝিমাইতেছেন আসুন চক্ষুর্মর্দ্দন করুন আপনার নিমিত্তে এক হেয়ালি কহি তাহাতে সত্যবাদিমহাশয় উঠিয়া কহিলেন কহুন শুনি।

বৃহচ্চিত্তমহাশয়ের হেয়ালি।

যদ্যাপি পরাস্ত কেহ করেন অন্যেরে।
পরাস্ত হইতে হয় প্রথমে তাহারে॥
বিদেশে প্রবাসী যিনি চিরদিন হন।
প্রথমে স্বগৃহে তার উচিত মরণ॥ ১॥

তাহা শুনিয়া সত্যবাদিমহাশয় কহিলেন হঁ ইহা অতিকঠিন বোধ হয় বিশেষতঃ অর্থকরণে কঠিন কিন্তু তদনুসারে আচরণ করণ অধিক কঠিন। কিন্তু হে গৃহস্বামি আপনার ইচ্ছা হইলে আমি আমার অংশ আপনাকে দি এবং আপনি ইহার অর্থ করুন পরে আপনি কি কহেন তাহাতে আমি অবধান করিব।

তাহাতে গায়স্ কহিল এই হেয়ালি আপনাকে দেওয়া গিয়াছে এবং সকলে অপেক্ষা করে যে আপনি তদুত্তর করিবেন।

তাহাতে বৃদ্ধসত্যবাদিমহাশয় বক্ষ্যমাণ শ্লোকদ্বারা তাহার অর্থ করিলেন।

অধর্ম্মেরে দমনে রাখিতে যে জনার।
বাঞ্ছা হয় প্রথমেতে অবশ্য তাহার॥
অনুগ্রহদ্বারাতে পরাস্ত হৈতে হয়।
আপনি জীবনধারী হয়েন নিশ্চয়॥ ১॥

এই বিষয়েতে সদা প্রবোধ আমার।
জন্মাইতে চির দিন বাঞ্ছা ছিল যার॥
সেজনার আত্মপ্রতি মরণ হওন।
অবশ্য২ এই কর্ত্তব্য এখন॥২॥

ঐ শ্লোক শুনিয়া গায়স্ কহিল তাহা অত্যুত্তম এবং তদ্ভিপ্রায় যে অত্যুত্তম ইহা আমরা ন্যায় এবং কার্য্যদ্বারা জানি। যেহেতুক প্রথমতঃ অনুগ্রহ যাবৎ প্রসন্ন না হন এবং স্বমহিমা দ্বারা অন্তঃকরণকে পরাস্ত না করেন তাবৎ অন্তঃকরণ পাপবিরুদ্ধ আচরণে বিমনস্ক হয়। তাহা ছাড়া পাপ যদি অন্তঃকরণবদ্ধকারি শয়তানের রজ্জু হয় তবে তদ্বন্ধনরূপ দৌর্ব্বল্যহইতে মুক্তপূর্ব্বে অন্তঃকরণ তৎপ্রাতিকূল্য কিপ্রকারে দর্শাইতে পারে।

দ্বিতীয়তঃ এবং আত্মকুস্বভাবাধীন ব্যক্তি যে অনুগ্রহের জীবৎ

স্মারক হইতে পারে ইহা অন্তঃকরণ কারণাজ্ঞ বা তদন্তঃকরণ যে অনুগ্রহপ্রাপ্ত হইয়াছে এতদজ্ঞ কোনো কেহ প্রত্যয় করিবে না।

অপর গায়স্ কহিল এইক্ষণে আমার স্মরণ হয় অতএব আমি আপনকার শ্রবণযোগ্য এক গল্প করি। দুই যাত্রিক ছিল তাহার মধ্যে এক জন যুববয়সে এবং অন্যেতে বৃদ্ধবয়সে যাত্রা আরম্ভ করিল। যুবব্যক্তির অতিদুদমনকুস্বভাবের প্রাতিকূল্যে যুদ্ধ করণাবশ্যক হইয়াছিল এবং ঐ বৃদ্ধ ব্যক্তির কুস্বভাব প্রকৃতির হ্রাসপ্রযুক্ত অতিদুর্ব্বল ছিল। অপর ঐ বৃদ্ধব্যক্তি যেমন ক্রমপূর্ব্বক পাদবিক্ষেপ করিল তেমন সে যুবাতেও করিল এবং তদ্বৎ লঘুতা পূর্ব্বক চলিল। অতএব এইক্ষণ প্রশ্ন করি ঐ ব্যক্তিদ্বয় চলনে তুল্যানুমেয়প্রযুক্ত তাহারদের মধ্যে কাহার গুণ অধিক রশ্মিযুক্ত ছিল।

তাহা শুনিয়া সত্যবাদিমহাশয় কহিলেন ঐ যুবাব্যক্তির গুণ অধিক রশ্মিযুক্ত ছিল ইহা নিশ্চয় যেহেতুক সর্ব্বাপেক্ষা বৃহদ্বাধকের প্রাতিকূল্যে যে অধিক অগ্রসর হয় বিশেষতঃ তদ্যুবব্যক্তির অর্দ্ধেক বৈরপ্রাপ্ত বৃদ্ধব্যক্ত্যনুসারে ঐ যুবব্যক্তি চলিতে পারিলে সে যে সর্ব্বাপেক্ষা বলবত্তম ইহার প্রমাণ সে করে এবং ইহা নিশ্চয় যে বৃদ্ধাবস্থাপ্রাপ্ত লোক অগ্রসর হওনে তদ্রূপ প্রাতিকূল্য প্রাপ্ত হয় না।

তাহা ছাড়া আমি ইহাও দেখিয়াছি যে বৃদ্ধ লোক বক্ষ্যমাণ ভ্রমদ্বারা আত্মমন পরিতুষ্ট করিয়াছে বিশেষতঃ তাহারা প্রকৃতির জীর্ণত্বকে আত্মকুস্বভাবোপরি জয়স্বরূপ গ্রহণ করিয়া আপনারদিগকে ভ্রমাইয়াছে। কিন্তু ইহা সত্য যে অনুগ্রহাক্রান্ত বৃদ্ধব্যক্তিরা সংসারবিষয়ের শূন্যতার অধিক দর্শনপ্রযুক্ত যুবব্যক্তির দিগকে পরামর্শ দেওনে অধিক সামর্থ্যবান হয়। তথাপি বৃদ্ধ ব্যক্তি এবং যুবব্যক্তি যাত্রায় এক সঙ্গে অগ্রসর হইলে এবং ঐ বৃদ্ধব্যক্তির কুস্বভাব স্বভাবতঃ দুর্ব্বল হইলেও আত্মমধ্যে অনুগ্রহের কার্য্যসিদ্ধিবিষয়ে প্রমাণ দেওনে যুবব্যক্তির অধিক পারকতা আছে।

কথিত রীত্যনুক্রমে তাঁহারা প্রভাতপর্য্যন্ত বসিয়া কথোপকথন করিলেন। পরে গৃহস্থেরা সমস্ত গাত্রোত্থান করিলে খ্রীষ্টীয়ানী য়আকুব নামে আপন পুত্রকে কহিল ধর্ম্মপুস্তকের এক পর্ব্ব পাঠ কর তাহাতে সে য়িশাঈয়াহের ৫৩ পর্ব্ব পাঠ করিল। পরে সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন যে জগত্ত্রাতা শুষ্কভূমিহইতে উৎপন্ন হইলেন এবং আকাররহিত হইয়া তাঁহাতে কোনো সৌন্দর্য্য ছিল না ইহা কিনিমিত্তে কথিত আছে।

তাহা শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় প্রথম প্রশ্নের এতদ্রূপ উত্তর করিয়া কহিলেন যে খ্রীষ্টোৎপন্ন য়িহূদীয়েরদের মণ্ডলী তৎকালে ধর্ম্মের সার, এবং ঔৎসুক্য চ্যুতা হইয়াছিল। পরে দ্বিতীয় প্রশ্নের বিষয় কহিলেন যে ঐ বাক্য অনাস্থিকেরদের বিষয়ে কথিত আছে বিশেষতঃ অনাস্থিকেরা আমারদের প্রভুর অন্তঃকরণমধ্যে দর্শনকারিচক্ষুরহিতপ্রযুক্ত তাঁহার বাহ্যাংশের কদর্য্যতামাত্র দেখিয়া তদ্বিষয়ে স্বস্বযুক্তি নিশ্চয় করে।

বিশেষতঃ মণি যে [illegible] আচ্ছাদনেতে আচ্ছাদিত এতদ্বিষয়া নভিজ্ঞ প্রায়। তদ্রূপ অনভিজ্ঞ লোক তৎপ্রকার মণিপ্রাপ্ত হইলে কি পাইয়াছি এতদ্বিষয়ে অনভিজ্ঞপ্রযুক্ত সামান্যপ্রস্তরের ন্যায় তাহা পুনর্ব্বার ফেলিয়া দেয়।

অপর গায়স্ কহিল ভদ্র২ এইক্ষণে তোমারদের এই স্থানে স্থিতিপ্রযুক্ত এবং আমি জানি বৃহচ্চিত্তমহাশয় অস্ত্রশস্ত্রেতে অতিশয় নিপুণ এতৎপ্রযুক্তঃ আপনারদের যদি বাঞ্ছা থাকে তবে কিঞ্চিদাহারাদি গ্রহণানন্তর কোনো ভদ্রকার্য্য করিতে পারি কি না এতদ্বিষ দর্শনার্থে চল আমরা ক্ষেত্রে বেড়াইতে যাই। এই স্থান হইতে অর্দ্ধক্রোশ দূর ভদ্রঘ্ননামক এক জন বীর বাস করে সে এই স্থানসমস্ত ব্যাপিয়া রাজপথে বহু উপদ্রব জন্মায় এবং তাহার নিবাসস্থান আমি জানি সে অনেক চোরের পতি অতএব আমরা যদি এই স্থান তদ্বিষয়ে মুক্ত করিতে পারি তবে অত্যুত্তম হয়।

তাহাতে তাহারা সম্মত হইয়া চলিল বিশেষতঃ বৃহচ্চিত্তমহাশয় খড়্গ এবং টোপর এবং ফলক এবং অন্য সকলে শল্য লগুড় হস্তে গ্রহণ করিয়া চলিল।

অপর বীরের নিবাসস্থানে উপস্থিত হইলে তাহারা দেখিল যে সে দুর্ব্বলচিত্ত নামে এক ব্যক্তিকে হস্তে ধারণ করিয়া রহিয়াছে। ঐ বীরের ভৃত্যেরা ঐ দুর্ব্বলচিত্তকে পথে ধরিয়া তাহার নিকটে আনিয়া দিয়াছিল এবং ঐ বীর তাহার অস্থি চোষণার্থে সে সময় তাহাকে খণ্ডং করিতে উদ্যোগ করিতে ছিল কেননা সে মাংসখাদক জাতি।

অপর কহি ঐ বীর আত্মগুহার মুখে সশস্ত্র বৃহচ্চিত্তমহাশয়কে এবং তাঁহার সহায়েরদিগকে দেখিয়া জিজ্ঞাসিল তোরা কি চাইস।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন আমরা তোকে চাই যেহেতুক রাজপথহইতে বলাৎকারপূর্ব্বক আকর্ষণসময়ে তোর দ্বারা হত যাত্রিরদের বিরোধবিষয়ক আক্রোশ নিবৃত্ত্যর্থে আমরা আসিয়াছি অতএব গুহাহইতে নির্গত হও। তাহাতে সে সসজ্জ হইয়া বাহির হওয়াতে তাহারা সংগ্রামারম্ভ করিয়া এক ঘণ্টা পর্য্যন্ত যুদ্ধ করিল পরে কিঞ্চিৎকাল দম লওনের কারণ নিবৃত্ত হইয়া দাঁড়িয়া রহিল।

ইত্যবসরে ভদ্রঘ্নবীর উঠিয়া কহিল তোরা আমার ভূমিতে এস্থানে কেন।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন পূর্ব্বেতে আমি যেমত কহিয়াছি সেমত যাত্রিরদের রক্তপাতাপরাধের প্রতীকারার্থে আসিয়াছি ইহা কহিয়া তাহারা পুনর্ব্বার জড়াজড়ি হইয়া পড়িয়া গেল এবং ঐ বীর বৃহচ্চিত্তমহাশয়কে যৎকিঞ্চিৎ হটিয়া লইয়া গেল কিন্তু বৃহচ্চিত্ত আত্মবৃহচ্চিত্ততানুসারে পুনর্ব্বার উপস্থিত হইয়া

বীরের মস্তকে এবং পার্শ্বে এমত ঘনঘন বাণক্ষেপ করিতে লা গিলেন যে ঐ বীর আপন অস্ত্র ছাড়িয়া দিল তাহাতে বৃহচ্চিত্ত ঐ বীরকে চোটিয়া বধকরণানন্তর তাহার মস্তকচ্ছেদন করিয়া সরা ইতে আনিয়া উপস্থিত করিলেন এবং দুর্ব্বলচিত্তনামক যাত্রিকে মুক্ত করিয়া আপনার নিবাসে সঙ্গে করিয়া আনিলেন। পরে যাত্রিরা গৃহে ফিরিয়া আসিয়া গৃহস্থেরদিগকে ঐ মস্তক দেখাইয়া তদ্রূপাচারিরদিগকে ভয় প্রদর্শনার্থে পূর্ব্বরীত্যনুক্রমে লটকাইয়া রাখিল।

পরে তাহারা দুর্ব্বলচিত্ত মহাশয়কে জিজ্ঞাসিল যে ঐ বীরের হাতে তুমি কি প্রকারে পড়িয়াছিলা।

তাহাতে দুর্ব্বলচিত্ত বেচারা কহিল আপনারা যেমন দেখিতে ছেন তেমন আমি অতিরোগিলোক এবং যমদূত প্রত্যহ আমার দ্বারে আঘাতকরণপ্রযুক্ত আমি ভাবিলাম যে স্বগৃহে থাকিলে আমার কখনো ভাল হইবে না তাহাতে আমি যাত্রিবেশ ধারণ করিয়া আমার এবং আমার পিতার জন্মস্থান অনিশ্চয়নামক নগরহইতে প্রস্থান করিয়া এই স্থানে যাত্রা করিয়া আসিয়াছি। চিত্তেতে বা শরীরেতে বলবিশিষ্ট মনুষ্য আমি নই কিন্তু আমি গাত্র হেঁছড়িয়া মাত্র যাওনে সমর্থ হইলে আমার বাঞ্ছা আছে যে আমি যাত্রিবেশ ধারণ করিয়া কালযাপন করি। এই পথের মাথায় স্থিত দ্বারে আমি যখন উপস্থিত হইলাম তখন সেই স্থানের প্রভু আমাকে অতিসদাচারপূর্ব্বক অতিথি করিলেন এবং আমার দুর্ব্বলচরিত্র দেখিয়া এবং আমার দুর্ব্বলান্তঃকরণ জা নিয়া আমাকে অবজ্ঞা করিলেন না কিন্তু আমার যাত্রাপ্র য়োজনক দ্রব্যাদি আমাকে দিয়া কহিলেন শেষপর্য্যন্ত প্রত্যয় রাখ। অপর অর্থদায়কের গৃহে যখন উপস্থিত হইলাম তখন সেই স্থানেও আমি অনেক স্নেহের পাত্র ছিলাম এবং তদ্গৃহ স্থেরদের বিবেচনাতে কঠিননামক টিকর আমার আরোহণ দুঃসাধ্য

প্রযুক্ত তাহারদের এক ভৃত্যকর্ত্তৃক আমি তদুপরি বাহিত হইয়া ছিলাম। অধিক কি কহিব যাত্রিকর্ত্তৃক আমি অনেক উপকৃত হই য়াছি তথাপি তাহারদের মধ্যে কোনো কেহ আমার মত শনৈঃ২ গমনেচ্ছুক ছিল না তথাচ উপস্থিত হইলে তাহারা আমাকে কহিত সাহসবান্ হও যেহেতুক আমারদের প্রভুর ইচ্ছা এই যে দুর্ব্বলচিত্তবিশিষ্টেরদিগকে শান্তি দত্তা হয় পরে স্বস্বগমনরীত্যনুসা রে তাহারা চলিয়া গেল। অপর আমি যখন চড়াউনামক গলিতে উপস্থিত হইলাম তখন এই বীরের সহিত আমার সাক্ষাৎ হইয়া ছিল তাহাতে সে আমাকে কহিল সংগ্রামকরণে প্রস্তুত হও কিন্তু হায় আমার অদৃষ্ট আমি দুর্ব্বলপ্রযুক্ত শান্তিকর কোনো দ্রব্যে আমার অধিক প্রয়োজন ছিল এই রূপে সে আসিয়া আমাকে আক্রমণ করিল কিন্তু আমি অনুমানে জানিলাম যে সে আমাকে মারিতে পারিবে না। পরে যখন সে আমাকে আপনার গুহায় প্রবেশ করাইয়াছিল তখন আমি তাহার সহিত স্বেচ্ছাপূর্ব্বক না যাওয়াতে আমার ভরসা ছিল যে আমি পুনর্ব্বার সজীব নির্গত হইব যেহেতুক আমি শুনিয়াছি যে বলাৎকারপূর্ব্বক বন্দীরূপ ধৃত কোনো যাত্রিক যদি স্বান্তঃকরণ আপনার প্রভুর প্রতি সম্পূর্ণরূপে রাখে তবে সে বিধাতৃকর্ত্তৃক কৃত ব্যবস্থানুসারে শত্রুদ্বারা মারা যাই বে না। হৃতসর্ব্বস্ববৎ আমি দৃষ্ট ছিলাম বটে এবং আপনি যে মন দেখিতেছেন তেমন আমি হৃতসর্ব্বস্বও বটে কিন্তু সজীবমাত্র আসিয়াছি তদ্ধেতুক তন্মুক্তিজন্যে আমি আপন রাজাকে কর্ত্তৃস্বরূপ এবং আপনাকে কারণস্বরূপ প্রশংসা করি। তদ্ভিন্ন ইহার পরে অন্য২ কষ্ট যে আমাকে ঘটিবে ইহাও আমি অপেক্ষা করি কিন্তু আমি এই পণ করিয়াছি বিশেষতঃ সামর্থ্য থাকিলে বেগে চলিব এবং বেগে গতি না করিতে পারিলে শনৈঃ২ গমন করিব এবং শনৈঃ২ গতি না করিতে পারিলে হাত পা ঘেঁসাড়িয়া যাইব। কিন্তু সকল বাক্যের স্থূল কহিতে গেলে যিনি আমাকে স্নেহ করিলেন

তাঁহারে আমি প্রশংসা করি আপনি যেমন দেখিতেছেন তেমন আমি অতিদুর্ব্বলচিত্তবিশিষ্ট হইলেও আমার চিত্ত স্থির আছে আমার পথ আমার সম্মুখে আছে এবং সাঁকোরহিত নদীর ওপারে আমার অন্তঃকরণ আছে।

অপর বৃদ্ধসত্যবাদিমহাশয় জিজ্ঞাসা করিলেন কিঞ্চিৎকাল পূর্ব্বে ভীতমহাশয়নামক এক যাত্রির সহিত তোমার কি পরিচয় ছিল না।

তাহাতে দুর্ব্বলচিত্ত কহিল তাহার সহিত আমার পরিচয় ছিল কি না ইহা কি আপনি জিজ্ঞাসা করিতেছেন হাঁ আছে সে ধ্বংসিনামক নগরের উত্তরদিগে চারি ক্রমদূরে স্থিত এবং আমার জন্মস্থানহইতে ততোধিক ক্রমদূরস্থিত মূর্খতানামক নগর হইতে আসিয়াছিল তথাপি আমারদের সুন্দররূপে পরিচয় ছিল যেহেতুক সে আমার পিতৃব্য তাহার রীতি এবং আমার রীতি প্রায় সমান ছিল সে আমাপেক্ষা যৎকিঞ্চিৎ খর্ব্ব কিন্তু আমারদের বর্ণ প্রায় এক ছিল।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন আমার বোধ হয় যে তুমি তাহাকে জ্ঞাত আছ এবং তোমারদের যে পরস্পর সম্পর্ক ছিল ইহাও আমি প্রত্যয় করি যেহেতুক তাহার বদনের মত তোমার বদন পাণ্ডাসবর্ণ এবং তাহার চক্ষুরাকৃতি তোমার চক্ষু এবং তোমার বাক্য তাহার বাক্যসদৃশ প্রায়।

তাহা শুনিয়া দুর্ব্বলচিত্ত কহিল আমারদের উভয় পরিচিত অনেকে তাহা কহিয়াছে তদ্ভিন্ন তাহাতে আমি যাহা দেখিয়াছি তাহার অনেক বিষয় আমি আপনাতে পাইয়াছি।

তাহা শুনিয়া ভদ্রগায়স্মহাশয় কহিল সান্ত্বিত হউন আমি এবং আমার গৃহ আপনকার এবং আপনি যাহা বাঞ্ছা করেন তাহা স্বচ্ছন্দপূর্ব্বক কহিয়া পাঠাউন এবং আমার ভৃত্যেরদিগকে

আপনি যাহা করাইতে চাহেন তাহা তাহারা অত্যাহ্লাদপূর্ব্বক করিবে।

তাহাতে দুর্ব্বলচিত্ত কহিল এই অনুগ্রহ আমি অপেক্ষা করি নাই তাহা অতিঘোরমেঘহইতে সূর্য্যতেজ নির্গতপ্রায়। ভদ্রঘ্ন নামক বীর যখন আমাকে আটক করিয়াছিল এবং অধিক পথ গমনে আমাকে নিষেধ করণে পণ করিয়াছিল তখন সে কি আমার উপরে এই অনুগ্রহ দানবাঞ্ছা করিয়াছিল এবং আমার সর্ব্বস্ব হরণানন্তর আমি যে আমার অতিথিকারি গায়সের গৃহে যাইব ইহা কি সে মনস্থ করিয়াছিল তথাপি তদ্রীতিক্রমে ঘটিয়াছে।

অপর দুর্ব্বলচিত্ত এবং গায়স্ কথিতরূপে কথোপকথন করিতে ছিল ইতিমধ্যে এক জন ধাবমান হইয়া দ্বারেতে আসিয়া ডাকিয়া কহিল যে অভদ্রাবস্থ মহাশয়নামক এক যাত্রী প্রায় এক ক্রোশ দূর দণ্ডায়মান স্থানে বজ্রাঘাতপূর্ব্বক মারা পড়িয়াছে।

তাহা শুনিয়া দুর্ব্বলচিত্ত কহিল যে হায় সে কি মারা পড়িয়াছে কিঞ্চিদ্দিবসপূর্ব্বে এই স্থানে আমার উপস্থিতপূর্ব্বে সে আসিয়া আমার সহিত মিলিয়াছিল এবং আমার সহগন্তা হওনে বাঞ্ছা করিয়াছিল এবং ভদ্রঘ্ননামক বীর যখন আমাকে আক্রমণ করিয়াছিল তখন সেও আমার সহিত ছিল কিন্তু সে দ্রুতগামিপ্রযুক্ত পালাইয়াছিল কিন্তু এইক্ষণে বোধ হয় যে সে মরণজন্যে বাঁচিয়াছিল এবং আমি বাঁচনের জন্যে ধৃত হইয়াছিলাম।

মনুষ্যের অনুমানে একেবারে যাহা।
হনন করয়ে শুন সর্ব্বাপেক্ষা তাহা ।।
কুৎসিত বিপত্তি সবহইতে বারেবার।
অনায়াসে সকলেরে করেন উদ্ধার ।। ১ ।।

যে ঈশ্বর অনুগতবিধাতৃপ্রভুতে।
প্রত্যয় করিলে মৃত্যু জন্মায় লোকেতে ॥
সে প্রত্যয় বারেবারে নম্রতা বিধান।
সংসারে মনুষ্যগণে করেন প্রদান ॥ ২ ॥

আমি ধৃত আছিলাম পলাইয়া সেই।
বাঁচিয়া রহিয়াছিল পরস্পর এই ॥
অবস্থাপরিবর্ত্তনে তাহার মরণ।
আমার হইল সে শরীর ধারণ ॥ ৩ ॥

অপর ঐ সময়ে মাতিউর এবং অনুগ্রহশীলার বিবাহ হইয়াছিল এবং গায়স্ ফেবীনাম্নী আপন কন্যাকে ভার্য্যার্থে মাতিউর ভ্রাতা য়ত্মাকুবকে প্রদান করিল তাহার পরে তাহারা প্রায় দশ দিবস যাত্রিরদের রীত্যনুক্রমে গায়সের গৃহে স্বস্বকাল যাপন করিল।

অপর প্রস্থানসময়ে গায়স্ তাহারদের নিমিত্তে এক ভোজ প্রস্তুত করিল এবং তাহারা ভোজনপান করিয়া আহ্লাদামোদ করিল। অপর প্রস্থানসময় উপস্থিতহওয়াতে বৃহচ্চিত্তমহাশয় খরচের হিসাব চাহিয়া পাঠাইলেন তাহাতে গায়স্ কহিল যে আমার গৃহে অতিথি খরচের জন্যে যাত্রিরদের টাকা দেওন ব্যবহার নাই। আমি সাম্বৎসরিকজন্যে যাত্রিরদিগকে অতিথি করি কিন্তু আমার বিষয়ে যত খরচ হয় তাহা পুনরাগমনসময়ে দিব এতদঙ্গীকারকারি ভদ্রসমরোণীয়ের স্থানে আমি টাকা অপেক্ষা করি।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন হে প্রিয়তম ভ্রাতৃগণের দের প্রতি এবং বিদেশিরদের প্রতি আত্মকর্ত্তব্য তুমি অতিবিশ্বাসপূর্ব্বক করিতেছ তাহারা মণ্ডলীর সাক্ষাৎ তোমার করুণার সাক্ষি দিয়াছে এবং তুমি যদি তাহারদিগকে ঈশ্বরের ধর্ম্মে স্বস্ব যাত্রায় আগে বাড়াও তবে তোমার মঙ্গল হইবে।

পরে গায়স্ তাহারদের স্থানে এবং বালকেরদের স্থানে বিশেষতঃ দুর্ব্বলচিত্ত মহাশয়ের স্থানে বিদায় হইয়া পথে পানার্থে তাহাকে কিছু দিল।

---

১২ দ্বাদশাধ্যায়।

হটাৎস্খলিতমহাশয়ের সহিত যাত্রিরদের সম্মিলিত হইয়া মায়ানামক নগরপ্রতি গমন এবং ম্নাসন্নামক মহাশয়কর্ত্তৃক স্তবপূর্ব্বক অতিথি হইয়া ভদ্রসহায়েরদের সহিত পরিচিত হওনানন্তর এক মহাবীরের সহিত যুদ্ধ করিয়া পরাস্ত করণবিবরণ।

অপর যাত্রিরা দ্বারনির্গমনসময়ে দুর্ব্বলচিত্ত নামক মহাশয় স্খলিত হওয়ার প্রায় দর্শাইল তাহা দেখিয়া বৃহচ্চিত্তমহাশয় কহিলেন হে দুর্ব্বলচিত্ত আমারদের সহিত আইসুন আমি তোমার পথপ্রদর্শক হইব এবং অন্যের যেমন ঘটে তোমারও তদ্রূপ ঘটিবে।

তাহা শুনিয়া দুর্ব্বলচিত্ত কহিল হায়২ উপযুক্তসহায় না হইলে আমি চলিতে পারি না আপনারা সকলে বৃহৎকায় এবং বলবান কিন্তু আপনারদের দৃষ্টিতে যেমন দর্শায় তেমন আমি অতিদুর্ব্বল অতএব আমি পশ্চাৎ২ গমন করিব পাছে আমার দুর্ব্বলতাপ্রযুক্ত আমি আপনকারদের প্রতি এবং আপনপ্রতি ভারবদ্বোধ হই। আমি যেমন কহিয়াছি তেমন আমি অতিদুর্ব্বলচিত্তমনুষ্যপ্রযুক্ত অন্যেতে যাহা স্বচ্ছন্দপূর্ব্বক সহ্য করিতে পারে তাহাতে আমার অশ্রদ্ধা জন্মিলে আমি অতিদুর্ব্বল হইব বিশেষতঃ হাস্য আমি ভাল বাসি না সুবস্ত্রপরিধানে আমার ইচ্ছা নাই এবং অপ্রয়োজনক প্রশ্নেতে আমার কোনো সুখ হইবে না। অধিক কি কহিব আমি এমত দুর্ব্বল লোক যে অন্যের কর্ত্তব্যবিষয়ে আমি বাধিত হই। সর্ব্ববিষয়ে সত্যতা আমি জ্ঞাত নই আমি অতি মূর্খ খ্রীষ্টীয়ান কখনো২ যদি আমি শুনি কেহ প্রভুতে আহ্লাদ

করিতেছে তবে তাহাতে আমার দুঃখ জন্মে কেননা আমি তদ্রূপ করিতে পারি না। বলবানেরদের মধ্যে দুর্ব্বল যেমন বা তুচ্ছীকৃত প্রদীপ যেমন তেমন আমার প্রতি ঘটিতপ্রযুক্ত আমি কি করিব ইহা নির্ণয় করিতে পারি না তদুদাহরণ দি পিচ্ছলিয়া পতনপ্রায় যে ব্যক্তি সে সুখবাসির অন্তঃকরণেতে তুচ্ছপ্রদীপবৎ।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন কিন্তু হে ভ্রাতঃ দুর্ব্বলচিত্ত বিশিষ্টেরদের এবং দুর্ব্বলকায়েরদের সান্ত্বনা করণে আমার আজ্ঞা আছে আমারদের সহিত তোমারে যাইতে হইবে আমরা তোমার জন্যে গৌণ করিব এবং আমারদের উপকারের প্রয়োজন হইলে তোমার উপকার করিব এবং তোমার নিমিত্তে মত বিষয়ক এবং আচরণবিষয়ক কতকগুলিনবিষয়ে আমরা আপনার দিগকে অপহ্নব করিব সন্দেহবিশিষ্ট কোনো বিষয়ে কথোপকথন করণে আমরা তোমার সাক্ষাৎ প্রবিষ্ট হইব না তুমি যে পশ্চাৎ থাক ইহা নিবারণার্থে আমরা তোমার প্রতি সর্ব্ববিষয়ে সর্ব্বপ্রকারীভূত হওনে সম্মত আছি।

কথিত কথোপকথন হইতেছিল তত্তাবৎসময় তাহারা গায় সের দ্বারেতে দণ্ডায়মান হইয়া রহিয়াছিল এবং দেখ তাহারা কথোপকথনে উত্তপ্ত ছিল ইতিমধ্যে হটাৎস্থকিতনামক ব্যক্তি দুই হস্ত দণ্ডে নির্ভরপূর্ব্বক আসিয়া উপস্থিত হইল সেও যাত্রায় অগ্রসর হইতে ছিল।

ঐ হটাৎস্থকিতমহাশয়কে দেখিয়া দুর্ব্বলচিত্ত জিজ্ঞাসিল তুমি এ স্থানে কেমন করিয়া আসিয়া পহুঁছিয়াছ এই মাত্র উপযুক্ত সহায় অপ্রাপণবিষয়ে আমি বিষম্বাদ করিতে ছিলাম কিন্তু তুমি আমার বাঞ্ছানুসারি লোক হে হটাৎস্থকিতমহাশয় মঙ্গলং আমার ভরসা আছে যে তুমি এবং আমি পরস্পর উপকারী হইব।

তাহাতে হটাৎস্থকিতমহাশয় কহিল তোমার সহায়তাতে আমার অত্যাহ্লাদ। তাহাতে দুর্ব্বলচিত্ত কহিল এতদ্রূপ স্তবপূর্ব্বক

আমারদের মিলনপূর্ব্বক আমারদের ইহার পরে ছাড়াছাড়ি না হয় এই নিমিত্তে আমি আপনার এক যষ্টি তোমাকে দি।

তাহাতে দুর্ব্বলচিত্ত কহিল না না আমি তোমার যষ্টি চাহি না কিন্তু তোমার ভদ্রবাঞ্ছাপূর্ব্বক তোমার মঙ্গলপ্রার্থনা করি খোঁড়া হওনপূর্ব্বে আমার স্খলিত হওনে বাঞ্ছা নাই তথাচ প্রয়োজন উপস্থিত হইলে আমি বুঝি তাহা কুক্কুর ঠেঙ্গানে কার্য্য দেখিতে পারে।

পরে হটাৎস্খলিতনামক ব্যক্তি কহিল হে দুর্ব্বলচিত্তমহাশয় আমাতে বা আমার যষ্টিতে তোমার আহ্লাদ যদি জন্মে তবে আমরা উভয়ে তোমার অনুগত।

ঐ রীতিক্রমে তাহারা অগ্রসর হইল বিশেষতঃ বৃহচ্চিত্তমহাশয় এবং সত্যবাদিমহাশয় অগ্রসর হইয়া চলিলেন তাহার পরে খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততি এবং দুর্ব্বলচিত্তমহাশয় এবং হটাৎস্খলিতমহাশয় যষ্টি হস্তে করিয়া পশ্চাৎ২ আসিতে লাগিল।

ইত্যবসরে সত্যবাদিমহাশয় বৃহচ্চিত্তমহাশয়কে কহিলেন হে মহাশয় এইক্ষণ আমরা পথেতে অগ্রসর হইতেছি আমারদের পূর্ব্বে যাত্রিবেশধারি কোনো২ লোকবিষয়ক লাভোৎপাদক কিছু২ কহুন শুনি।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন অত্যাহ্লাদপূর্ব্বক কহি আমার মনে লয় নম্রনামক তলীতে পূর্ব্বকালীন খ্রীষ্টীয়ানের অপাল্ল্যন্‌নামক বীরের সহিত যে প্রকার দেখা হইয়াছিল এবং মৃত্যুচ্ছায়ানামক তলী হইয়া গমনে তাহার যে প্রকার কষ্ট দুঃখ ইত্যাদি ঘটিয়াছিল ইহা আপনি শুনিয়া থাকিবেন। প্রথম ভাগের ৭২ পৃষ্ঠাবধি ১৩৯ পৃষ্ঠপর্য্যন্ত পাঠ করিয়া দেখুন। তাহা ছাড়া লম্পটা নাম্নী ঠাকুরাণীর সহিত এবং প্রথম আদম্ এবং অসন্তুষ্ট এবং মন্দাক্ষনামক ব্যক্তিরদের সহিত অর্থাৎ পথেতে পাওয়া তার এই

মত কুরীতিবিশিষ্ট লোক চতুষ্টয়ের সহিত বিশ্বাসিনামকমহাশয়ের দেখা হওয়াতে তাহার কিং দুঃখ কষ্ট ঘটিয়াছিল ইহাও আপনি না শুনিয়া এড়ান নাই।

তাহাতে সত্যবাদিমহাশয় উত্তর করিলেন হাঁং আমি ঐ সমস্ত বিষয় শুনিয়াছি মনে লয় কিন্তু মন্দাঙ্কের সহিত দেখা হওয়াতে বিশ্বাসির সর্ব্বাপেক্ষা অধিক ব্যামোহ জন্মিয়াছিল ইহা নিশ্চয় যেহেতুক তাহার কোনো বিষয়ে ত্রুটি ছিল না।

বৃহচ্চিত্ত কহিলেন হাঁ কেননা ঐ যাত্রী যথার্থ কহিয়াছিলেন যে সর্ব্বপ্রাণির মধ্যে তাহার নাম অত্যসঙ্গত ছিল।

অপর সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন কিন্তু হে মহাশয় সে যাহা হউক বিশ্বাসির এবং খ্রীষ্টীয়ানের বাচালের সহিত যে স্থানে দেখা হইয়াছিল সেস্থান কোথায় ঐ বাচালও একজন অতি প্রসিদ্ধ লোক ছিল।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন সেই একগুঁইয়া বাতুল ছিল তথাচ অনেকে তৎপথানুগামী হইয়াছিল।

সত্যবাদিমহাশয় কহিলেন সেই বিশ্বাসিমহাশয়কেও প্রায় ভুমাইয়াছিল।

বৃহচ্চিত্ত কহিলেন সত্যং কিন্তু তাহার সহিত সত্বর পরিচিত হওনের এক পথ খ্রীষ্টীয়ান তাহাকে দেখাইয়া দিল। পূর্ব্বোক্ত রীতিক্রমে খ্রীষ্টীয়ানের এবং বিশ্বাসির সহিত মঙ্গলব্যঞ্জকমহাশয়ের দেখা হইয়া মায়ানামক মেলাতে উপস্থিত হইলে তাহারদের কিং ঘটিবে এতদ্বিষয়ক ভবিষ্যৎকথনস্থানসমীপোপস্থিত পর্য্যন্ত তাহারা অগ্রসর হইল। প্রথম ভাগের ১২২ পৃষ্ঠাবধি পাঠ করিয়া দেখুন।

অপর বৃহচ্চিত্তনামক তাহারদের পথপ্রদর্শক কহিলেন যে এই স্থানের কোনো এক জায়গায় খ্রীষ্টীয়ানের এবং বিশ্বাসির

মঙ্গলব্যঞ্জকমহাশয়ের সহিত দেখা হইয়াছিল তিনি মায়ানামক মেলাতে তাহারদের কিং ক্লেশ ঘটিবে এতদ্বিষয়ক ভবিষ্যদ্বাক্য তাহারদিগকে কহিয়া দিলেন।

তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন হাঁ আপনি কি তদ্রূপই কহেন তাহা যদি সত্য হয় তবে আমার অন্তঃকরণে লয় তিনি অতিকঠিনোপদেশ তাহারদের সাক্ষাৎ সে সময় পাঠ করিয়া থাকিবেন।

বৃহচ্চিত্ত উত্তর করিলেন যে তাহাই বটে কিন্তু ঐ কঠিনোপদেশের সহিত তিনি তাহারদিগকে অনেক সাহসও দিয়াছিলেন। প্রথম ভাগের ১২৪ পৃষ্ঠাবধি পাঠ করিয়া দেখুন। কিন্তু আমরা কাহার বিষয় কথোপকথন করিতেছি তাহারা সিংহচিত্তবৎ লোকদ্বয় ছিল এবং তাহারা আপনারদের অন্তঃকরণ অগ্নিপ্রস্তরবৎ দৃঢ় করিয়াছিল তাহারা যখন বিচারকর্ত্তার সাক্ষাৎ দাঁড়াইল তখন তাহারা কি মত নির্ভয় ছিল ইহা কি আপনকার স্মৃতি হয় না।

সত্যবাদিমহাশয় কহিলেন বটেং বিশ্বাসিমহাশয় অতি সাহসপূর্ব্বক যন্ত্রণা ভোগ করিয়াছিলেন।

পরে বৃহচ্চিত্ত কহিলেন হাঁং বটেং এবং তদ্রূপ দুঃসাধ্যবিষয়ও সেসকলহইতে উৎপন্ন হইয়াছিল যেহেতুক ঐ আখ্যায়িকার বিবরণানুসারে কৃতাশ্ নামে ব্যক্তি এবং অন্যং কতকগুলিন লোকেরা তাহার মৃত্যুদ্বারা পরামনন করিয়াছিল। প্রথম ভাগের ১৩১ পৃষ্ঠাবধি পাঠ করিয়া দেখুন।

অপর সত্যবাদিমহাশয় কহিলেন ভালং কিন্তু আরো কহুন শুনি যেহেতুক আপনি তদ্বিষয়ে অনেক জ্ঞাত আছেন।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন খ্রীষ্টীয়ানের মায়ানামক মেলা ছাড়াইয়া গেলে পর তৎকর্ত্তৃক সাক্ষাৎ সকলের মধ্যে উপপথনামক এক ব্যক্তি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ দুষ্ট ছিল।

সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন যে ঐ উপপথনামক ব্যক্তি কি প্রকার লোক ছিল।

বৃহচ্চিত্ত কহিলেন সে দুষ্টের মধ্যে শ্রেষ্ঠ এক জন এবং এক জন পূর কাল্পনিক সে জগতের রীত্যনুসারে মতান্তর হইত কিন্তু এই মত চতুর যে তদ্দ্বারা সে আপনার কোনো হানি কখনো স্বী কার করিত না।

প্রত্যেক নূতনাবস্থার নিমিত্তে তাহার এক নূতন মত ছিল এবং মতান্তর হওনবিষয়ে সে যেমন নিপুণ তাহার স্ত্রীও তেমন ছিল। অধিক কি কহিব এক মত ছাড়িয়া অন্য মতে যাওয়া তা হার রীতি ছিল এবং তৎপ্রকার রীতি যে ভাল এতদ্বিষয় স্থাপ নার্থে বিবাদ করিত কিন্তু তদ্বিষয়ে আমি অবগত হইয়াছি যে তাহার উপপথদ্বারা তাহার শেষদশা অত্যন্তভা ছিল এবং ঈশ্বর ভয়কারিরদের মধ্যে তাহার সন্ততি যে মর্য্যাদান্বিত ছিল ইহা আমি কখনো শুনি নাই।

ইত্যবসরে যাত্রিরা মায়ানামক হউক মায়ানামক নগর যে স্থানহইতে দেখা যায় এমত স্থানে উপস্থিত হইয়াছিল। তা হাতে তাহারা যখন দেখিল আমরা নগর নিজসমীপে উপ স্থিত হইয়াছি তখন তাহারা পরস্পর পরামর্শ করিল যে আম রা নগরমধ্য হইয়া কি প্রকারে যাইব তাহাতে একেতে এক কথা এবং অন্যেতে আরং কথা কহিতে লাগিল। অবশেষে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন তোমারদের অবগত হওয়া কর্ত্তব্য যে আমি অনেকবার এ নগরমধ্য হইয়া যাত্রিরদের পথপ্রদর্শক হই য়া গিয়াছি কপ্রসজাতীয় ম্নাসন্নামকমহাশয় এক অতিবৃদ্ধশিষ্যের সহিত আমার পরিচয় আছে তাঁহার ঘরে আমরা প্রবাস করি তে পারি তাহাতে যদি তোমারদের বাঞ্ছা থাকে তবে আমরা সেই স্থানে প্রবেশ করি।

তাহাতে বৃদ্ধসত্যবাদিমহাশয় কহিলেন আমি সম্মত আছি

এবং খ্রীষ্টীয়ানী কহিল আমিও সম্মতা আছি এবং দুর্ব্বলচিত্তও কহিল আমিও সম্মত আছি এতদ্রূপ তাহারা সকলে কহিল। অপর হে পাঠকেরা আপনারদের এই স্থানে অনুমেয় উচিত যে যখন যাত্রিরা নগরসমীপ পহুঁছিয়াছিল তখন সন্ধ্যা হইয়া ছিল কিন্তু বৃহচ্চিত্ত ঐ বৃদ্ধমানুষের গৃহের পথ অবগত ছিলেন। তাহাতে তাহারা সেই স্থানে উপস্থিত হইয়া এবং বৃহচ্চিত্ত দ্বারেতে ডাকনেতে তদ্গৃহস্থ বৃদ্ধমানুষ তাঁহার স্বর শুনিবামাত্রে জ্ঞাত হইলেন তাহাতে তিনি দ্বার খুলিলে তাহারা সকলে প্রবিষ্ট হইল। অপর যাত্রিরদের অতিথিকারী ঐ ম্নাসন্ জিজ্ঞাসিলেন আপনারা অদ্য কত পথ আসিয়াছেন তাহাতে তাহারা কহিল আমরা অদ্য আপনকার বন্ধু গায়সের গৃহহইতে আসিয়াছি। তাহা শুনিয়া ঐ গৃহকর্ত্তা কহিলেন আপনারা অদ্য অনেক পথ আসিয়াছেন তাহাতে শ্রান্ত হইবার আটক কি বসুনং তাহাতে তাহারা সকলে বসিল।

অপর যাত্রিরদের পথপ্রদর্শক বৃহচ্চিত্ত কহিলেন হে মহাশয়েরা আসুনং আমি নিশ্চয় জানি আপনারা আমার বন্ধুকর্ত্তৃক শুভপূর্ব্বক গৃহীত হইবেন।

তাহাতে ম্নাসন্ কহিলেন আমিও আপনারদের মঙ্গলবাঞ্ছা করি আপনারা যাহাং চাহেন তাহা মাত্র কহুন তাহাতে আমরা তোমারদের নিমিত্তে তাহার চেষ্টা করিব।

পরে সত্যবাদিমহাশয় কহিলেন কিঞ্চিৎপূর্ব্বে আমরা উত্তমাশ্রয়স্থান এবং উত্তম সহায়তা অতিশয়বাঞ্ছা করিয়াছিলাম কিন্তু এখন আমার ভরসা আছে যে আমরা উভয় প্রাপ্ত হইয়াছি।

তাহাতে ম্নাসন্ কহিলেন উত্তমাশ্রয়স্থানের এবং ভদ্রসহায়তার বিষয়ে কহিতেছেন এই স্থান কি প্রকার উত্তমাশ্রয়স্থান তাহা আপনারা দেখিতেছেন কিন্তু ভদ্রসহায়তার বিষয় কহিতে গেলে তাহা পরীক্ষাদ্বারা জানা যাইবে।

পরে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন ভাল কিন্তু যাত্রিরদিগকে স্বস্ব নিবাসশালায় লইয়া যাউন।

তাহাতে ম্নাসন্ কহিলেন হাঁং আমি লইয়া যাইব পরে তাহারদিগকে স্বস্বনিবাসশালায় লইয়া যাইয়া বিশ্রামসময় উপস্থিতপর্য্যন্ত একত্ররূপে ভোজন করিতে পারে এমত অন্য এক ভোজশালা যাত্রিরদিগকে দর্শাইয়া দিলেন।

অপর তাহারা স্বস্বস্থানে উপবিষ্ট হইয়া পথগমনবিষয়ে কিঞ্চিৎবিশ্রান্ত হইলে সত্যবাদিমহাশয় গৃহকর্ত্তাকে জিজ্ঞাসিলেন এ নগরে অনুমান কত শিষ্টলোক থাকিতে পারে।

তাহাতে ম্নাসন্ কহিলেন কতক২ থাকিতে পারে যেহেতুক অন্যপক্ষ লোকের সহিত তুলনা করিলে তাহারা অত্যল্প ইহা নিশ্চয়।

পরে সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন কিন্তু তাহারদের সহিত পরিচিত হওনার্থে আমারদের কি করা উচিত যেহেতুক পথিকেরদের প্রতি চন্দ্রের এবং নক্ষত্রের উদয় যেমন তেমন যাত্রায় অগ্রসরেরদের দৃষ্টিতে ভদ্রলোক।

তাহা শুনিয়া ম্নাসন্নামকমহাশয় পাদদ্বারা কতকগুলিন আঘাত করাতে কৃপানাম্নী তাঁহার কন্যা উঠিয়া আইলেন তাহাতে তিনি তাহাকে কহিলেন হে কৃপে তুমি যাইয়া নম্রান্তঃকরণ মহাশয় এবং শুদ্ধান্তঃকরণমহাশয় এবং পুণ্যবান্প্রিয়মহাশয় এবং মিথ্যাকথনভীতমহাশয় এবং খিদ্যমানমহাশয়নামক আমার বন্ধুরদিগকে কহ যে তোমারদের দর্শনেচ্ছুক আমার কতকগুলিন বন্ধু অদ্য আমার গৃহে আসিয়াছেন।

তাহাতে কৃপানাম্নী তাঁহার কন্যা তাহারদিগকে ডাকনেতে তাহারা আসিয়া উপস্থিত হইল পরে পরস্পর নমস্কার বন্দনানন্তর তাহারা সকলে মঞ্চসমীপে বসিয়া গেল।

অপর ম্নাসন্‌নামক ঐ গৃহের কর্ত্তা কহিলেন হে সখারা আপনারা যেমন দেখিতেছেন তেমন এক দল বিদেশী আসিয়া আমার ঘরে উপস্থিত হইয়াছে তাহারা সকলে যাত্রিক তাহারা সকলে অনেক দূরহইতে আসিয়াছে এবং শিওনপর্ব্বতে যাইতেছে। পরে খ্রীষ্টীয়ানের প্রতি অঙ্গুলী দর্শাইয়া কহিলেন ইনি কে আপনারা জানেন। আমারদের নগরে বিশ্বাসিনামক আপনার ভ্রাতার সহিত অত্যাচারপ্রাপ্ত অতিখ্যাত্যাপন্ন খ্রীষ্টীয়াননামক ব্যক্তির খ্রীষ্টীয়ানী নাম্নী ভার্য্যা উনি। তাহা শুনিয়া তাহারা সকলে বক্ষ্যমাণ কথা কহিয়া অবাক হইয়া রহিল। কৃপানাম্নী আপনকার কন্যা যখন আমারদিগকে ডাকিতে আসিয়াছিলেন তখন আমরা যে খ্রীষ্টীয়ানীকে দেখিতে পাইব ইহার লেশও ভাবিলাম না অতএব ইহা অতিশুভ চমৎকারবিষয়। পরে তাঁহারা খ্রীষ্টীয়ানীকে জিজ্ঞাসিলেন আপনকার মঙ্গল কি না এবং এই যুবপুরুষসমস্ত আপনকার স্বামির পুত্র কি না তাহাতে খ্রীষ্টীয়ানী কহিল তাহারা তাঁহার সন্তান। পরে তাহারাও ঐ বালকেরদিগকে কহিল তোমরা যে রাজার স্নেহ এবং সেবা কর তিনি তোমারদিগকে তোমারদের পিতার সদৃশ করুন এবং শান্তিপূর্ব্বক তাঁহার অবস্থিতি স্থানে আনয়ন করুন।

অপর তাহারা সকলে উপবিষ্ট হইলে সত্যবাদিমহাশয় নম্রান্তঃকরণমহাশয়কে এবং অন্যান্যেরদিগকে জিজ্ঞাসিলেন এইক্ষণে আপনকারদের নগর কেমন অবস্থায় আছে।

তাহাতে নম্রান্তঃকরণ কহিল মেলাসময়ে আমারদের গোল্‌মাল্ অতিশয় ইহা নিশ্চয়। এবং ব্যস্তসময়ে আমারদের অন্তঃকরণ এবং চিত্ত সুস্থিরপূর্ব্বক রক্ষণে অতিকঠিন কার্য্য। এই প্রকার স্থানে বাসকারিলোকেরদের এবং আমারদের যেমন লোকের সহিত ব্যবহার করিতে হয় তেমন লোকেরদের প্রতি দিনের প্রতিদণ্ডে সাবধানার্থক কোনো এক স্মারকের প্রয়োজন আছে।

পরে সত্যবাদিমহাশয় জিজ্ঞাসিলেন কিন্তু সে যাহা হউক এই ক্ষণে সুস্থিরতাবিষয়ে আপনার প্রতিবাসিরা কেমন।

তাহাতে নম্রান্তঃকরণ কহিল পূর্ব্বাপেক্ষা তাহারা এই ক্ষণে অতি সুস্থির। খ্রীষ্টীয়ান এবং বিশ্বাসি ব্যক্তিরা আমারদের নগরে যেং অত্যাচার প্রাপ্ত ছিল তদ্বিষয় আপনি শুনিয়া থাকিবেন কিন্তু এ দিগে তাহারা অনেক সুস্থির হইয়াছে। আমার মনে লয় যে বিশ্বাসিমহাশয়ের রক্তপাতাপরাধ অদ্যাপর্য্যন্ত তাহারদের উপরে মহাভারবৎ বোধ হয় যেহেতুক তাহারা তাহার দাহনবিষয়ে অতিশয় লজ্জা প্রাপণপ্রযুক্ত তাহার পর অন্য কাহাকেও দাহ করে নাই তৎকালে পথভ্রমণে আমরা ভীত ছিলাম কিন্তু এখন আমরা স্বস্বমুখ দেখাইতে পারি। ঐ কালে খ্রীষ্টমতাবলম্বির নাম অতি তুচ্ছার্হ ছিল আপনি জানেন আমারদের নগর অতিবড় কিন্তু এইক্ষণে আমারদের নগরের কোনোং স্থানে ধর্ম্ম অতিসম্ভ্রান্তরূপে গণ্য আছেন।

অপর নম্রান্তঃকরণ তাহারদিগকে জিজ্ঞাসিল আপনকারদের যাত্রায় আপনকারদের প্রতি কি প্রকার ঘটিয়াছে কহুন দেখি এবং আপনকারদের অঞ্চলে আপনকারদের প্রতি প্রজারদের মন কি প্রকার।

তাহাতে সত্যবাদী কহিলেন পথিকেরদের যেমন ঘটিয়া থাকে আমারদেরও তেমন ঘটিয়াছে কখনোং আমারদের পথ পরিস্কার কখনোং অপরিস্কার কখনোং উর্দ্ধে এবং কখনোং অধোগমন করিতে হয় কখন কি ঘটে তাহার কোনো নিশ্চয় নাই। বায়ু সর্ব্বদা আমারদিগের পৃষ্ঠদিগে নয় এবং পথে সাক্ষাৎকারী প্রত্যেকে বন্ধু নয়। যাত্রাগমনারম্ভাবধি আমারদের কতকগুলিন প্রসিদ্ধবিপদ্ ঘটিয়াছে এবং পরে কি ঘটিবে তাহা আমরা অবগত নহি কিন্তু প্রাচীনকালে পূর্ব্বোক্ত বক্ষ্যমাণ বাক্য যে সত্য ইহা প্রায় বোধ হয় বিশেষতঃ ভদ্রলোকের দুঃখকষ্ট সহ্য করিতেই হয়।

নম্রান্তঃকরণ কহিল আপনি দুঃখকষ্টবিষয় কহিতেছেন বটে কিন্তু পথমধ্যে আপনার কিং দুঃখকষ্ট ঘটিয়াছে কহন শুনি।

তাহাতে সত্যবাদিমহাশয় কহিলেন আমাকে জিজ্ঞাসা কর কেন আমার পথপ্রদর্শক বৃহচ্চিত্তনামকমহাশয়কে জিজ্ঞাসা কর যেহেতুক তদ্বিষয়ে তিনি উত্তম সমাচার দিতে পারেন।

ঐ কথাতে বৃহচ্চিত্ত কহিলেন ইহার মধ্যে আমরা দুই তিন বার বিপদ্গ্রস্ত হইয়াছিলাম। প্রথমতঃ প্রাণসংহার করে এই মত দুই দুষ্ট লোককর্ত্তৃক খ্রীষ্টীয়ানী এবং তাহার সন্ততি বিপদ্গ্রস্তা হইয়াছিল। পরে আমরা রক্তপাতক নামে বীরকর্ত্তৃক এবং ছিন্নবিচ্ছিন্নকারিনামক বীরকর্ত্তৃক এবং ভদ্রঘ্নুনামক বীরকর্ত্তৃক আক্রান্ত হইয়াছিলাম কিন্তু তাহার মধ্যে শেষ কথিত বীরোপরি আমরাই চড়াউ হইয়াছিলাম সে আমারদের উপর চড়াউ হয় নাই। তাহা বিশেষ করিয়া কহি আমারদের এবং তাবন্মণ্ডলীর অতিথিকারি গায়সের গৃহে আমারদের কিঞ্চিৎকাল প্রবাসানন্তর আমারদের প্রতি এক সময় কথিত হইয়াছিল যে স্বস্বাস্ত্রগ্রহণ করিয়া যাত্রিরদের কোনো শত্রুর সহিত দেখা করিতে পার কি না ইহা দেখ গিয়া যেহেতুক আমরা শুনিয়াছিলাম যাত্রিরদের অতিপ্রসিদ্ধ এক শত্রু সেই স্থানসমীপে ছিল। ঐ বীরবাসস্থানসমীপে গায়সের বাসপ্রযুক্ত তাহার নিবাসস্থান সে আমাহইতে অধিক অবগত ছিল অতএব আমরা এদিগে ওদিগে উঁকি মারিয়া দেখিলাম অবশেষে তাহার গুহাদ্বারের উদ্দেশ পাইলাম তাহাতে আমরা অত্যাহ্লাদিত হইয়া স্বস্বসাহস বাঁধিলাম। পরে আমরা তাহার গুহার নিকটে উপস্থিত হওয়াতে দেখ সে বলাৎকারপূর্ব্বক দুর্ব্বলচিত্তনামক এই গরিব বেচারাকে স্বজালে বদ্ধ করিয়া তাহার শেষ করণে উদ্যত হইয়াছিল কিন্তু আমারদিগকে দেখিয়া অন্য শিকার প্রাপ্ত হইয়াছি ইহা মনে ভাবিয়া সে ঐ গরিব বেচারাকে গুহার

মধ্যে রাখিয়া নির্গত হইল তাহাতে আমরা অতিঘোরতর পূর্ব্বক লাগিয়া গেলাম এবং বৃহচ্চিত্তমহাশয়কে সে অতিশয় চেষ্টাইতে লাগিল কিন্তু অবশেষে ঐ বীর সমভূমি হওয়াতে আমরা তাহার মস্তকচ্ছেদন করিয়া তদ্রূপ অত্যাচারকারি লোকেরদের ভয় জননার্থে পথপার্শ্বে লট্‌কাইয়া রাখিলাম। কথিত বাক্য যে সত্য ইহার কোনো সন্দেহ নাই সিংহের মুখহইতে উদ্ধৃত মেষবৎসম্বরূপ এই মনুষ্য স্বয়ংই তাহার প্রমাণ দিবে।

অপর দুর্ব্বলচিত্ত কহিল ইহা যে সত্য তাহা আমি আমার লাভহানিপূর্ব্বক এবং মঙ্গলপূর্ব্বক অবগত হইয়াছি বিশেষতঃ যখন সে ধমক দিয়া ক্ষণেং কহিত আমি তোমার অস্থি চুষিব তখন তাহা আমার লাভহানিপূর্ব্বক ছিল কিন্তু আমার উদ্ধারার্থে সাস্ত্র আগমনকারি বৃহচ্চিত্তমহাশয়কে এবং তাঁহার সহায়েরদিগকে যখন আমি দেখিলাম তখন তাহা আমার মঙ্গলপূর্ব্বক ছিল।

অপর শুদ্ধান্তঃকরণনামক মহাশয় কহিলেন যাত্রায় অগ্রসরেরদের দুই কার্য্যের প্রয়োজন আছে বিশেষতঃ সাহস এবং নির্দোষাচরণ তাহারদের যদি সাহস না থাকে তবে তাহারা পথে কখনো শুভপূর্ব্বক অগ্রসর হইতে পারে না এবং তাহারদের আচরণ যদি মন্দ হয় তবে তাহারদের দ্বারা যাত্রিরদের নামাবধি করিয়া দুর্গন্ধ করিবে।

পরে পুণ্যবানপ্রিয়মহাশয় কহিলেন আমার ভরসা আছে যে এই উপদেশবাক্য তোমারদের মধ্যে প্রয়োজনার্হ নয় কিন্তু ইহা সত্য যে পথগামি অনেকেরা আপনারদিগকে এই পৃথিবীতে বিদেশী এবং যাত্রিরূপ প্রকাশ না করিয়া বরং যাত্রিবেশ ধারণবিষয়ে আপনারা যে বৈরি ইহা প্রকাশ করে।

পরে মিথ্যাকথনভীতমহাশয় কহিলেন তাহারদের মধ্যে যাত্রির বেশের লেশ যে নাই এবং সাহসও নাই ইহা অতিসত্য তাহারা সরলরূপে গতি করে না কিন্তু টল্‌মল্‌ করিয়া গতি

করে এবং যাহাতে আপনারদের প্রভুর লজ্জা জন্মে এমত তাহারা এক পাদুকা ভিতরদিগে মুখ করিয়া এবং অন্য পাদুকা বাহির দিগে মুখ করিয়া এবং কমরে নেকড়া পরিয়া এবং গাত্রে সুন্দর চাদর দিয়া গতি করে।

অপর খিদ্যমানমহাশয় কহিলেন ঐ সকল বিষয়ের জন্যে তাহারদের দুঃখান্বিত হওয়া উপযুক্ত এবং তদ্রূপ খুঁত এবং দোষবিষয়ে পথ পরিষ্কার যাবৎ না হয় তাবৎ যাত্রিরা স্বস্ব বাঞ্ছানুসারে অনুগ্রহের পাত্র এবং স্বস্ববাঞ্ছানুসারে যাত্রায় অগ্রসর হইতে পারে না।

অপর ঐ ভোজমঞ্চোপরি খাদ্যদ্রব্যোপস্থিতপর্য্যন্ত তাহারা উপবিষ্ট হইয়া ঐ রীতিক্রমে কথোপকথন করত কালযাপন করিল পরে ভোজমঞ্চসমীপে যাইয়া আহার গ্রহণ করিয়া শান্ত হওনানন্তর শয়ন করিতে গেল। অধিক কি কহিব তাহারা ঐ মেলাতে ম্নাসন্‌নামক মহাশয়ের গৃহে বহুদিবস বাস করিল ইত্যবসরে ঐ ম্নাসন্ কৃপানাম্নী আপন কন্যা শামুএলনামক খ্রীষ্টীয়ানীর পুত্রকে এবং মারতানাম্নী আপন কন্যাকে যুসফনামক খ্রীষ্টীয়ানীর পুত্রকে ভার্য্যার্থে দিল।

অপর তাহারা ঐ স্থানে অনেক দিবস বাস করিল যেহেতুক তৎকালীন ঐ নগরস্থেরদের রীতি পূর্ব্বকালীন রীত্যনুসারে ছিল না অতএব যাত্রিরা তন্নগরস্থ অনেক লোকের সহিত পরিচিত হইয়া সাধ্যপর্য্যন্ত তাহারদের উপকার করিল। অনুগ্রহশীলা আত্মপূর্ব্ব রীত্যনুসারে দরিদ্রেরদের উপকারার্থে বহুশ্রম করিল তাহাতে তাহারদের উদর এবং গাত্র তাহারে আশীর্ব্বাদ করিল এবং তদ্দ্বারা সে আপনার ধর্ম্মের অলঙ্কার ছিল এবং কৃপা এবং ফেবি এবং মারতানাম্নী কন্যারদের বিষয়েও সত্য কহিতে গেলে তাহারা অতিশিষ্টমতি ছিল এবং স্বস্বপদে বহূপকারিণী ছিল তাহারাও সকলি বহুপ্রজাবতী ছিল তাহাতে পূর্ব্বে যেমন কথিত হইয়াছে তদ

নুসারে খ্রীষ্টীয়ানের নাম পৃথিবীতে বর্দ্ধনের বহুপ্রক্রম দর্শাইল।

অপর যাত্রিরদের ঐ স্থানে বাসসময়ে এক রাক্ষস অরণ্যহইতে নির্গত হইয়া তন্নগরস্থ অনেক লোককে মারিয়া ফেলিল এবং সে রাক্ষস কখনোং আসিয়া নগরস্থ লোকেরদের সন্তানাদিও কাড়িয়া লইয়া আত্মশাবকের স্তনপান করাইত। ঐ নগরের মধ্যে কোনো কেহ সে রাক্ষসের সম্মুখে যাইতে সাহাস বাঁধিতে পারিত না কিন্তু তাহার আগমনশব্দমাত্র শুনিয়া সকলে পলাইত।

ঐ রাক্ষস পৃথিবীস্থ কোনো জন্তুর মত ছিল না তাহার শরীর নাগবৎ এবং তাহার সপ্তমস্তক এবং দশশৃঙ্গ ছিল। ঐ রাক্ষস বালকের মধ্যে বহুৎপাত করিত তথাচ স্ত্রীকর্ত্তৃক শাসিত ছিল। ঐ রাক্ষস মনুষ্যেরদের নিমিত্তে ব্যবস্থা করিত এবং আত্মত্রাণা পেক্ষা আত্মশরীর স্নেহকারি লোকেরা তাহার ব্যবস্থায় সম্মত হইত।

ঐ সময়ে বৃহচ্চিত্তনামকমহাশয় এবং ম্নাসন্নামক ব্যক্তির গৃহোপস্থিত যাত্রিরদের দর্শনার্থে আগমনকারিরা ঐ রাক্ষসের সহিত রণ করণার্থে পণ করিল হইতে পারে নগরস্থ লোকেরদিগে কে অতিশয় সংহারকারী ঐ রাক্ষসের হাত হইতে আমরা মুক্ত করিতে পারি।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় এবং নম্রান্তঃকরণমহাশয় এবং শুদ্ধান্তঃকরণমহাশয় এবং মিথ্যাকথনভীতমহাশয় এবং খিদ্য মান মহাশয় স্বস্বাস্ত্র গ্রহণ করিয়া ঐ রাক্ষসের সহিত সাক্ষাৎ করি তে নির্গত হইলেন। তাহারদিগকে দেখিয়া ঐ রাক্ষস প্রথমতঃ অতিশয় লম্ফ দিতে লাগিল এবং আপন শত্রূপরি অতিশয় তুচ্ছ জ্ঞানপূর্ব্বক দৃষ্টি করিতে লাগিল কিন্তু তাহারা অস্ত্রবিদ্যাতে অতি নিপুণপ্রযুক্ত রাক্ষস এমত ক্ষত হইল যে সে আপন নিবাসে হটিয়া গেল তাহাতে তাহারা ম্নাসনের গৃহে পুনর্ব্বার ফিরিয়া আইল।

এই স্থানে কথনোচিত যে ঐ রাক্ষসের স্বনিবাসহইতে নির্গম

নের এবং নগরস্থলোকেরদের বালক ধরণের নিরূপিত সময় ছিল অতএব সে সময়ে বীরত্ববিশিষ্ট ঐ লোকেরা রাক্ষসের জন্যে চৌকি দিয়া তাহার উপরে সদা চড়াউ করিতেন তাহাতে কালানুক্রমে ঐ রাক্ষস ঘাইল হইয়া খোঁড়া হইয়া পূর্ব্বরীত্যনুসারে তন্নগরস্থ লোকেরদের বালকেরদের মধ্যে উৎপাত করিতে পারিল না এবং কেহ২ অনুমান করিল যে ঐ রাক্ষস প্রাপ্তক্ষতদ্বারা অবশ্য মরিবে।

ঐ বিষয়দ্বারা বৃহচ্চিত্তনামকমহাশয় এবং তাঁহার সহায়েরা ঐ নগরে অতিখ্যাত্যাপন্ন হইলেন তাহাতে অন্যবিষয়ে অবিবেচক অনেকেরা তাহারদের সম্মান এবং মর্য্যাদা করিল এবং তজ্জেতুকও যাত্রিরা ঐ নগরে বহু হিংসা পায় নাই কিন্তু ইহা সত্য যে পশুবন্মূর্খ এবং গর্দ্দভবৎ অপরিণামদর্শি কতকগুলিন ইতর লোক ঐ লোকেরদের মর্য্যাদা করিল না এবং তাহারদের বীরত্ববিশিষ্ট কার্য্যেও মনোযোগ করিল না।

ত্রয়োদশাধ্যায়।

নিরাশনামক বীরকে এবং তাহার ভার্য্যাকে বধ করিয়া তাহার গড় সমভূমি করণানন্তর যাত্রিরদের রমণীয়পর্ব্বতপ্রভৃতি গমন বিবরণ।

তদনন্তর যাত্রিরদের পথে অগ্রসরণসময় উপস্থিত হওয়াতে তাহারা স্বস্বযাত্রার নিমিত্তে আয়োজন করিতে লাগিল বিশেষতঃ তাহারা স্বস্ববন্ধুরদের নিমিত্তে ডাকিয়া পাঠাইয়া তাহারদের সঙ্গে পরামর্শ করিল এবং পরস্পর আপনারদিগকে আত্মরাজার হস্তে অর্পণে কিয়ৎকাল ব্যয় করিল তাহা ছাড়াও অনেকেরা স্বস্বসাধ্যানুযায়ি দুর্ব্বলেরদের নিনিত্তে এবং বলবানেরদের নি

মিত্তে এবং স্ত্রীলোকেরদের নিমিত্তে এবং পুরুষেরদের নিমিত্তে প্রত্যেকের প্রয়োজনানুসারে খাদ্যদ্রব্যাদি আনিয়া তাহারদের নিকটে উপস্থিত করিল।

অপর যাত্রিরা অগ্রসর হওয়াতে তাহারদের বন্ধুরা আপনারদের অবকাশক্রমে তাহারদের সহিত কিয়দ্দূর গেল পরে তাহারা আপনারদের সুরক্ষণার্থে পরস্পর আত্মরাজার হস্তে আপনারদিগকে পুনর্ব্বার অর্পণ করিয়া বিদায় হইল।

তাহাতে কথিত লোকেরদের মধ্যে যাত্রিরদের দলস্থেরা পথে অগ্রসর হইল এবং বৃহচ্চিত্তমহাশয় তাহারদের অগ্রে২ চলিলেন তৎকালে স্ত্রীলোকেরা এবং বালকেরা দৌর্ব্বল্যপ্রযুক্ত স্বস্বসাধ্যানুসারে চলিল তাহাতে হটাৎস্থকিতমহাশয় এবং দুর্ব্বলচিত্ত মহাশয় আপনারদের দুঃখের ভাগী হওনে অধিক সহকারি লোক পাইলেন।

অপর ঐ যাত্রিরা নগরস্থ লোকেরদিগকে ছাড়াইয়া গেলে এবং আত্মবন্ধুবান্ধবেরদের নিকটহইতে বিদায় হইলে তাহারা বিশ্বাসির বধস্থানে সদ্যঃ উপস্থিত হইল অতএব তাহারা কিঞ্চিৎকাল স্থকিত হইয়া বিশ্বাসিকে তদ্রূপ উত্তমরূপে আত্মক্রুশ সহ্যকরণ সামর্থ্যদায়ী ঈশ্বরের প্রশংসা করিল অধিকন্তু তাহারা অবগত হইল যে আমরা তদ্রূপ ব্যক্তির দুঃখেতে এবং ক্লেশেতে বহু উপকৃত হইয়াছি তদ্ধেতুকও।

কথিত বিষয় দর্শনানন্তর খ্রীষ্টীয়ান এবং বিশ্বাসিনামক ব্যক্তি বিষয়ক কথোপকথন করত এবং বিশ্বাসির মরণের পরে কৃতাশের খ্রীষ্টীয়ানের সহিত কিপ্রকার মিল হইয়াছিল এই সকল বিষয়ে কথোপকথন করত তাহারা অনেক পথ চলিয়া গেল। প্রথম ভাগের ১৩৯ পৃষ্ঠ পাঠ করিয়া দেখুন।

অপর যে স্থানে রূপার এক আকর ছিল এমত লোভনামক টিকরসমীপে যাত্রিরা উপস্থিত হইল। ঐ আকর দেখিয়া দেমাসনা

মক ব্যক্তি যাত্রির বেশ ত্যাগ করিয়াছিল এবং কেহ২ কহে যে উপপথনামক ব্যক্তিও ঐ আকরে পড়িয়া সংহারপ্রাপ্ত হইয়াছে অতএব তাহারা সেই স্থানে দাঁড়িয়া সেবিষয় আলোচনা করিতে লাগিল। কিন্তু যখন তাহারা লোভনামক টিকরাভিমুখস্থ পুরাতন স্মারক স্তম্ভের নিকটে অর্থাৎ সদমনগর এবং অতিদুর্গন্ধকারি ত্রদসমীপস্থ লবণস্তম্ভনিকটে উপস্থিত হইল তখন পূর্ব্বে খ্রীষ্টীয়ান যেমত করিয়াছিল সেই মত তাহারা অত্যাশ্চর্য্য বোধ করিল যে তদ্রূপ জ্ঞান এবং নিপুণতাপ্রাপ্তব্যক্তি এই মত অন্ধীভূত হইয়া তৎস্থানে গমনার্থে পথ বহির্ভূত হয়। প্রথম ভাগের ১৫৪ পৃষ্ঠ পাঠ করিয়া দেখুন। তাহারা পুনর্ব্বার আলোচনা করিয়া দেখিল যে অন্যের প্রতি ঘটিত বিপত্তিদ্বারা প্রকৃতি চিন্তান্বিতা নয় বিশেষতঃ দৃষ্টিবিষয়ে যদি কুদৃষ্টি ব্যক্তিরদের মন আকৃষ্ট হয় তবে নয়।

অপর আমি দেখিলাম যে যাত্রিরা রমণীয়পর্ব্বত এপারস্থিত নদী সমীপপর্য্যন্ত অগ্রসর হইল। প্রথম ভাগের ১৫৭ পৃষ্ঠ পাঠ করিয়া দেখুন।

বিশেষতঃ ঐ নদীর উভয়পার্শ্বস্থ অতিসুন্দর বৃক্ষের পত্র সেবন করিলে অমঙ্গল নাশ হয় এবং তদুভয়পার্শ্বস্থ মাঠ সম্বৎসর ব্যাপিয়া হরিদ্বর্ণ থাকে এবং সেই স্থানে যাত্রিরা স্বচ্ছন্দপূর্ব্বক শয়ন করিতে পারে।

ঐ নদীর উভয়পার্শ্বস্থ মাঠেতে মেষের বাথান এবং কুঁড়িয়া ছিল এবং যাত্রায় অগ্রগামিনী স্ত্রীরদের সন্তানরূপ মেষশাবক পালনার্থক এক গৃহ গ্রথিত হইয়াছিল। এবং ঐ শাবকেরদের প্রতি দয়াল এবং আত্মক্রোড়ে গ্রহণসমর্থ এবং আত্মবক্ষঃস্থলে বহনসমর্থ এবং গর্ব্ভবতী মেষীরদিগকে শনৈঃ২ গমন করাওনসমর্থ এক লোক সেই স্থানে ছিল তাহার হস্তে ঐ শাবকসমস্ত অর্পিত ছিল। তাহা দেখিয়া খ্রীষ্টীয়ানী আত্মপুত্রবধূ চতুষ্টয়ীকে পরামর্শ দিল

যে তোমারদের সন্ততি এই জলসমীপে যে নিবাস করে এবং প্রতি
পালিত হয় এবং সুরক্ষিতহয় এবং ভাবিকালে তাহারদের কো
নো কেহ হৃত না হয় এই নিমিত্তে তোমরা এলোকের হস্তে আপ
নারদের বালককে অর্পণ কর তাহাতে তাহারদের কোনো কেহ যদি
পথবহির্ভূত হয় বা হারাইয়া যায় তবে ঐ লোক তাহারদিগকে
পুনর্ব্বার আনয়ন করিবেন তিনিও ভগ্নেরদিগকে বদ্ধ এবং পীড়ি
তেরদিগকে সুস্থ করিবেন। আহারবিষয়ে এবং পরিধেয়বিষয়ে
এবং পানবিষয়ে তাহারদিগের কোনো অভাব হইবে না এই স্থা
নে তাহারা চোর ডাকাইতহইতে অতিসুরক্ষিত হইবে যেহেতুক
তাঁহার স্থানে অর্পিত কোনো কাহারো নাশ যে না হয় এতদ্বিষয়
নিবারণে এই মনুষ্য আপনার প্রাণ বরং দিবেন। আরো কহি
এই স্থানে তাহারা সুন্দর আহারাদি এবং সুপরামর্শ নিঃসন্দেহ
পাইবে এবং যথার্থপথগমনে শিক্ষিত হইবে এবং তুমি অব
গত আছ ইহা ক্ষুদ্র অনুগ্রহ নয়। তদ্ভিন্ন তোমরা যেমন দেখি
তেছ তেমন এই স্থানে অতিসুন্দর জল এবং রমণীয় মাঠ এবং
অতিমনোহর পুষ্প এবং মঙ্গলজনক ফলোৎপাদক নানাপ্রকার
বৃক্ষাদি আছে। ঐ ফল বআলজববের উদ্যানভিত্ত্যুপরি দিয়া
লতিয়া গমনকারী মাতিউকর্ত্তৃক ভক্ষিত ফলবৎ নয় কিন্তু অস্বাস্থ্য
স্থানে স্বাস্থ্যোৎপাদক এবং স্বাস্থ্যবর্দ্ধনকারি ফল।

তাহাতে তাহারা ঐ ব্যক্তির হস্তে আপনারদের বালকের
দিগকে অর্পণে সম্মতা হইল। ঐ স্থানে পিতামাতাহীন বালকের
দের সুরক্ষার্থে এবং প্রতিপালনার্থে রাজখরচেতে নিযুক্ত অন্য
এক চিকিৎসা গৃহ ছিল তজ্জন্যে ঐ স্থানে আত্মসন্ততি রাখিয়া
যাওনে তাহারা অধিক সম্মতা হইল।

অপর তাহারা অগ্রসর হইল এবং প্রথম ভাগের ১৬৩ পৃষ্ঠে
কথিত স্থানে অর্থাৎ যে স্থানে খ্রীষ্টীয়ান এবং তাহার সহায় কৃ
তাশ নিরাশনামক বীরকর্ত্তৃক ধৃত হইয়া সন্দেহকনামক গড়েতে

বদ্ধ হইয়াছিল সেস্থানে অগ্রসর হওন সময়ে যখন তাহারা উপ
পথমাঠস্থ দ্বারসমীপে উপস্থিত হইল তখন এবিষয়ে কি কর্ত্তব্য এ
পরামর্শ করণার্থে উপবিষ্ট হইল বিশেষতঃ এখন আমরা বলবান্
এবং বহুজন এবং বৃহচ্চিত্তমহাশয় আমারদের পথপ্রদর্শক অত
এব এই বীরের উপরে চড়াউ করিয়া তাহার গড় নষ্ট করণ আমার
দের কর্ত্তব্য কি না এবং ঐ গড়মধ্যে যদি কোনো যাত্রী থাকে তবে
এই স্থানহইতে গমনপূর্ব্বে তাহারদিগকে মুক্ত করি তাহাতে একে
তে এককথা এবং অন্যেতে অন্যকথা কহিল। পরে অপবিত্রভূমি
তে গমন করা কর্ত্তব্য বা অকর্ত্তব্য এতদ্বিষয়ে এক জন সন্দেহ করি
তে লাগিল তাহাতে অন্য এক জন কহিল আমারদের অভিপ্রায়
যদি ভদ্র তবে কর্ত্তব্য। কিন্তু বৃহচ্চিত্তমহাশয় কহিলেন শেষোক্ত
বাক্য সর্ব্ববিষয়ে সত্য না হইলেও পাপনিষেধ করণে এবং মন্দ
পরাজয় করণে এবং প্রত্যয়ের ভদ্র সংগ্রাম করণে আমি আজ্ঞপ্ত
হইয়াছি অতএব আমি নিবেদন করি নিরাশবীরের সহিত যদি এই
ভদ্রসংগ্রাম না করি তবে কাহার সহিত করিব তত্তৎপ্রযুক্ত আমি
তাহার প্রাণনষ্ট করণে এবং সন্দেহনামক তাহার গড় সংহার কর
ণে চেষ্টা পাইব। তাহা কহিয়া ঐ বৃহচ্চিত্তনামক মহাশয় জিজ্ঞা
সা করিলেন তোমারদের কে আমার সঙ্গে যাইবা তাহাতে বৃদ্ধসত্য
বাদিমহাশয় কহিলেন আমি যাইব এবং মাতিউ এবং শামূএল
এবং যুসফ এবং য়াকুব নামে খ্রীষ্টীয়ানীর চারি পুত্র কহিল
আমরাও যাইব যেহেতুক তাহারা যুবা এবং বলবান লোক ছিল।

এতএব তাহারা যাবৎ ফিরিয়া না আইসে তাবৎ স্ত্রীলোকের
দের চৌকি দেওনার্থে দুর্ব্বলচিত্তমহাশয়কে এবং হটাৎস্খলিত
মহাশয়কে যষ্টি সহকারে পথে রাখিয়া গেলেন যেহেতুক নিরাশ
নামক বীর ঐ স্থানের অতিসমীপবর্ত্তি হইয়া বাস করিলেও পথে
তে মাত্র থাকিলে এক বালকমাত্র তাহারদিগকে সুরক্ষা করিতে
পারে।

অপর বৃহচ্চিত্তমহাশয় এবং বৃদ্ধসত্যবাদিমহাশয় এবং ঐ যুবপুরুষ চারিজন নিরাশনামক বীরের অন্বেষণে সন্দেহনামক গড়ে উঠিয়া গেলেন। পরে তাহারা গড়দ্বারে উপস্থিত হইয়া আমার দিগকে প্রবেশ করিতে দেও এই কথা কহিয়া অত্যসঙ্গত চিৎকার শব্দ করাতে ঐ বৃদ্ধবীর এবং সন্দিগ্ধানাম্নী তাহার স্ত্রী দ্বারে উপস্থিত হইয়া জিজ্ঞাসিল এই মত বৃহদন্তঃকরণ কাহার এবং সে কি প্রকার লোক যে নিরাশবীরকে এই মত ব্যামোহ দেয়। তাহাতে বৃহচ্চিত্তমহাশয় উত্তর করিলেন যে সে আমি স্বর্গীয় রাজধানীতে যাত্রিরদের পথপ্রদর্শক বৃহচ্চিত্তনামক রাজভৃত্য আমি এবং আমার প্রবেশার্থে তোরে দ্বার খুলিয়া দিতে হইবে তদ্ভিন্ন সংগ্রামার্থে প্রস্তুত হয় যেহেতুক আমি তোর শিরশ্ছেদনার্থে এবং সন্দেহনামক গড় ভঞ্জনার্থে আসিয়াছি।

নিরাশনামক ঐ বীর স্বয়ংই বীরপ্রযুক্ত ভাবিল যে আমাকে কেহ পরাস্ত করিতে পারিবে না এবং সে আরো ভাবিল যে ইহার পূর্ব্বে আমি স্বর্গীয় দূতেরদিগকে পরাস্ত করিয়াছি অতএব এখন বৃহচ্চিত্ত কি আমাকে ভয়ার্ত্ত করিবে ইহা কহিয়া সে আপনি সসজ্জ হইয়া নির্গত হইল। তাহার মাথায় ইস্পাতের এক টোপর এবং অগ্নিময় এক বুকপাটা তাহার বুকে বদ্ধ ছিল এইরূপে সে পায়ে লোহার পাদুকা দিয়া এবং এক মস্তলাদনা ঘাড়ে করিয়া নির্গত হইল। তাহাতে ঐ ছয় ব্যক্তি তাহাকে অগ্রপশ্চাৎ ঘেরিয়া দাঁড়াইল পরে সন্দিগ্ধা নাম্নী বীরপত্নী নির্গতা হওয়াতে বৃদ্ধসত্যবাদিমহাশয় তাহাকে একে চোটে কাটিয়া ফেল্লিলেন। তাহা দেখিয়া তাহারা প্রাণপণ করিয়া যুদ্ধারম্ভ করিল এবং নিরাশবীর ভূমিগত হইল কিন্তু মরণে অনিচ্ছুকপ্রযুক্ত সে চিৎ হইয়া পড়িয়া অতিশয় কুস্তাকুস্তি করিতে লাগিল তাহাতে বিরালের সাত প্রাণ আছে কথিত এতদ্বাক্যানুসারে তাহারও সাত প্রাণ ছিল বোধ হয়

কিন্তু বৃহচ্চিত্তই তাহার মরণের কারণ হইলেন যেহেতুক তাহার শিরশ্ছেদন যাবৎ না করিলেন তাবৎ ক্ষান্ত হইলেন না।

পরে তাহারা সন্দেহনামক গড় ভঞ্জনারম্ভ করিলেন এবং নিরাশনামক বীর মারাপড়াতে তাহা অতিস্বচ্ছন্দপূর্ব্বক সিদ্ধ হইল তথাপি ঐ গড়ভঞ্জনে সপ্ত দিবস লাগিয়াছিল এবং তাহাতে খাদ্যদ্রব্যাভাবে আধামরা আশাচ্যুতমহাশয়কে এবং মহাভীতা নাম্নী তাহার কন্যাকে পাইয়া তাহারদের প্রাণ রক্ষা করিলেন। কিন্তু ঐ গড়ের উঠানেতে ইতস্ততঃ প্রক্ষিপ্ত শবকে এবং ঐ গড়স্থ কুঠরি মৃতমনুষ্যের অস্থিতে যে প্রকার পরিপূর্ণ ছিল ইহা দেখিলে তোমরা অবাক হইতা।

অপর বৃহচ্চিত্তমহাশয় এবং তাঁহার সহায়েরা বীর্য্যবিশিষ্ট ঐ প্রসিদ্ধ কার্য্য প্রকাশ করণানন্তর আশাচ্যুত মহাশয়কে এবং মহাভীতা নাম্নী তাহার কন্যাকে আপনারদের সঙ্গে করিয়া লইলেন যেহেতুক তাহারা নিরাশবীরের সন্দেহনামক গাড়েতে বদ্ধ হইলেও অতিশিষ্ট লোক ছিল। অপর তাহারা ঐ বীরের ধড় লইয়া প্রস্তরের এক রাশির নীচে গাড়িয়া তাহার মস্তক সঙ্গে করিয়া রাজপথ হইয়া আত্মসহায়েরদের নিকটে আসিয়া আত্মকৃত কার্য্য দর্শাইলেন। ঐ বীরের মস্তক দেখিয়া দুর্ব্বলচিত্ত এবং হটাৎস্থকিতনামক ব্যক্তিরা অতিশয় আহ্লাদামোদ করিতে লাগিল বিশেষতঃ খ্রীষ্টীয়ানী তবলেতে এবং অনুগ্রহশীলানাম্নী তাহার পুত্রবধূ বীণাতে বাদ্য করিতে লাগিল, এবং হটাৎস্থকিতমহাশয় অত্যাহ্লাদপ্রযুক্ত নৃত্য করিতে লাগিল পরে সে আশাচ্যুত মহাশয়ের মহাভীতানাম্নী কন্যার হস্ত ধরিয়া নৃত্য করিতেং রাজপথে নির্গত হইল। ঐ হটাৎস্থকিতমহাশয় যষ্টিতে নির্ভর না করিয়া নৃত্য করিতে পরিত না তথাপি আমি সত্য কহি সে এমন নৃত্য করিল যে সকলে অবাক হইয়া রহিল এবং ঐ কন্যারও যৎকিঞ্চিৎ ত্রুটি ছিল না।

কিন্তু আশাচ্যুত মহাশয়ের বিষয় কহিতে গেলে সে নৃত্যবাদ্য ইত্যাদিতে বড়একটা মনোযোগ দিলনা কিন্তু উদরপরিতোষ বিষয়ে বড় চেষ্টা করিল যেহেতুক আহারাভাবে অস্থিচর্ম্মাবশিষ্ট হইয়া প্রায় মরিয়া রহিয়া ছিল। তাহাতে খ্রীষ্টীয়ানী ক্ষণেক সান্ত্বনার্থে আপন বোতলের যৎকিঞ্চিদ্দ্রাক্ষারস তাহাকে পান করাইল পরে তাহার জন্যে কিঞ্চিদ্ভোজ্য প্রস্তুত করিয়া আহার করাইলে ঐ বৃদ্ধ ব্যক্তি সচেতন হইয়া আপ্যায়িত হইলেন।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম যে ঐ সমস্ত বিষয় সমাপ্তি হইলে বৃহচ্চিত্তমহাশয় ঐ নিরাশনামক বীরের মস্তক লইয়া ভাবিকালে তদ্বীরাধিকৃত ভূমিতে কেহ প্রবিষ্ট না হয় এই নিমিত্তে আগন্তুক যাত্রিরদের সাবধানার্থে খ্রীষ্টীয়ানকর্তৃক স্থাপিত স্তম্ভাভিমুখ রাজপথপার্শ্বে এক স্তম্ভোপরি লট্‌কাইয়া তাহার নীচে বক্ষ্যমাণ স্মারক পঞ্চশ্লোক লিখিয়া রাখিলেন।

পূর্ব্বকালে এই স্থানে ছিল এক বীর।
যাহার শুনিয়া নাম কাঁপিত শরীর॥
যার নামে যাত্রিগণে হইত মহাভয়।
তাহার মস্তক এই জানিবা নিশ্চয়॥ ১॥

তাহার বসতিগড় ভঞ্জন করিয়া।
সন্দিগ্ধা নামিকা তার ভার্য্যাকে দেখিয়া॥
মহাবীর বৃদ্ধবৃহচ্চিত্তমহাশয়।
অনায়াসে তার দেহ করিলেন ক্ষয়॥ ২॥

আশাচ্যুত নামে এক ব্যক্তি ছিল আর।
মহাভীতা নামে খ্যাতা কন্যা ছিল তার॥
এই দুই জনের কারণ বৃহচ্চিত্ত।
দেখাইলেন আপনার বিষমবীরত্ব॥ ৩॥

কেহ যদি এবিষয়ে করহ সন্দেহ।
তার এই দুই স্থান দর্শন করিহ॥
দর্শন করিবামাত্র সন্তুষ্ট হইবে।
মনের সন্দেহ সব তখনি ভাঙ্গিবে॥ ৪॥

সন্দেহবিশিষ্ট খোঁড়াব্যক্তিরা যখন।
নৃত্য করে আমারদের মানসে তখন॥
এই হয় দেখ এই বীরের মস্তক।
ভয়হইতে মুক্তিপ্রাপ্ত হৈয়াছে নর্ত্তক॥ ৫॥

অপর সন্দেহনামক গড় প্রতিকূল ঐ ব্যক্তিরা আত্মবীরত্ব দর্শাও নানন্তর এবং নিরাশবীরের বধানন্তর যাত্রিরা অগ্রসর হইয়া রম ণীয়পর্ব্বতপর্য্যন্ত উপস্থিত হইল। ঐ রমণীয়পর্ব্বতে খ্রীষ্টীয়ান এবং কৃতাশ তৎস্থানস্থ খাদ্যদ্রব্যদ্বারা আপনারদিগকে অপ্যা য়িত করিলেন। ঐ স্থানে যাত্রিরা মেষপালকেরদের সহিত পরি চিত হইল এবং মেষপালকেরা খ্রীষ্টীয়ানকে পূর্ব্বে যেরূপে গ্রহণ করিয়াছিলেন সেরূপ এইক্ষণে যাত্রিরদিগকে অতিশয়ভপূর্ব্বক গ্র হণ করিয়া তাহারদিগকে রমণীয়পর্ব্বতে সঙ্গে করিয়া লইয়া গেলেন। অপর মেষপালকেরা বৃহচ্চিত্তের পশ্চাদ্গামী অনেক জনতাকে দেখিয়া এবং বৃহচ্চিত্তের সহিত পূর্ব্বে পরিচিতপ্রযুক্ত বৃহচ্চিত্ত মহাশয়কে জিজ্ঞাসিলেন যে হে মহাশয় আপনকার সহিত অনেক আসিয়াছেন আপনার ইহারদের সহিত কোথায় দেখা হইয়া ছিল।

পথপ্রদর্শকের মেষপালকেরদের প্রতি কথিত ষটশ্লোক।

প্রথমতঃ খ্রীষ্টীয়ানী করেন আগমন।
সঙ্গেতে সহায় সব কর দরশন॥
তাহার পরেতে তাঁর সকল নন্দন।
পশ্চাতে২ আইসে পুত্রবধূগণ॥ ১॥

নাবিক দেখিয়া দিক্ চালায় তরণী।
পাপে মুক্ত হও ধর্ম্ম দেখিয়া তেমনি॥
অনুগ্রহপ্রাপ্তি হয় তাহারা চালিত।
নতুবা এখানে আসিতো না কদাচিত॥ ২॥

তারপরে বৃদ্ধসত্যবাদিমহাশয়।
হটাৎস্থকিত সঙ্গে যাত্রায় নিশ্চয়॥
চলিয়া আস্যাছে এ নিশ্চয়বচন।
স্বপথে হৈয়েছে উভয়ের স্থিরমন॥ ৩॥

এখন দুর্ব্বলচিত্তমহাশয় অতি।
তৎপথে তদ্রূপ স্থিরা করিয়াছেন মতি॥
বোধ হয় নতুবা সে পশ্চাতে থাকিতে।
অতিশয় অসম্মত ছিলেন অগ্রেতে॥ ৪॥

তাহার পরেতে আশাচ্যুতমহাশয়।
মহাভীতা নামে কন্যা তার সঙ্গে রয়॥
পশ্চাতেং দোঁহে গুড়িয়াং।
সর্ব্বশেষে আসিয়াছেন আনন্দিত হৈয়্যা॥ ৫॥

আমরা সকলে এই স্থানেতে অতিথি।
হইতে পারি কি আরো অগ্রে করি গতি॥
বিশেষ কহুন ইহা আমরা কি করি।
নিশ্চয় হইলে তবে বুঝিবারে পারি॥ ৬॥

ঐ সকল যাত্রিরদিগকে দেখিয়া মেষপালকেরা কহিলেন ইহা রা অতিশিষ্ট যাত্রিসমূহ বোধ হয় আমারদের এই স্থানে আপ নারা স্বচ্ছন্দপুর্ব্বক থাকিতে পারেন যেহেতুক বলবানেরদের নি মিত্তে যেমন তেমন দুর্ব্বলেরদেরও নিমিত্তে আমারদের যথেষ্ট

আছে ইহারদের মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্রের প্রতি যাহা কৃত হয় তা হা আমারদের রাজা অবগত আছেন অতএব দুর্ব্বলতা আমারদের আহ্লাদামোদের বাধিকা না হউক। তাহা কহিয়া ঐ মেষপাল কেরা যাত্রিরদিগকে অট্টালিকাদ্বারসমীপে লইয়া যাইয়া কহি লেন হে দুর্ব্বলচিত্তমহাশয় অন্তরে আসুন হে হটাৎস্থকিতমহা শয় অন্তরে প্রবেশ করুন এবং হে আশাচ্যুতমহাশয় এবং হে মহাভীতে ঠাকুরাণি অন্তরে আইসুন। হে বৃহচ্চিত্তমহাশয় এই গুলিনকে আমরা প্রথমতঃ নাম ধরিয়া ডাকি পাছে তাহারা হটি য়া যায় কেননা হটিয়া যাওনবিষয়ে তাহারদের আপদ্ বড় কিন্তু বলবান যে তোমরা এবং অন্যেরা স্বতন্ত্রাধীন। তাহা শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় কহিলেন অদ্য আমি দেখি যে অনুগ্রহ আপন কারদের বদনেতে প্রসন্ন হইয়াছেন এবং তোমরা নিশ্চয় আমার প্রভুর মেষপালক তজ্জন্যে আপনারা রোগিদুর্ব্বলেরদিগকে বা হির করিয়া দেও নাই বরং আপনকারদের যথোচিত তেমন অট্টালিকার দ্বারসমীপপর্য্যন্ত তাহারদের পথ পুষ্পদ্বারা শোভিত করিয়াছেন।

কথিত ঐ রীতিক্রমে দুর্ব্বলেরা এবং রোগিরা প্রবিষ্ট হইল এবং বৃহচ্চিত্তমহাশয় অন্যেরদিগকে সঙ্গে করিয়া অন্তরে গেলেন। পরে যাত্রিরা সকলে উপবিষ্ট হইলে মেষপালকেরা দুর্ব্বলেরদিগ কে জিজ্ঞাসিলেন আপনারা কি খাইতে চাহেন যেহেতুক অমান কেরদের চেতনার্থে যেমন চলনোপযুক্ত তেমন দুর্ব্বলেরদের কারণও প্রয়োজনানুসারে তাবদ্বিষয়ে আমারদের চলনোপযুক্ত।

তাহাতে ঐ মেষপালকেরা লঘুপাক অথচ সুস্বাদু এবং পুষ্টি কর দ্রব্যের ভোজ তাহারদের জন্যে প্রস্তুত করিলেন তাহা গ্রহণানন্তর যাত্রিরা প্রত্যেকে শয়নার্থে স্বস্বস্থানে গেল। পরে প্রভাত হইলে ঐ পর্ব্বতসমস্ত উচ্চপ্রযুক্ত এবং নির্ম্মলদিবসপ্রযুক্ত এবং যাত্রিরদিগকে কোনো এক আশ্চর্য্যবিষয় দর্শাওনে ব্যবহার

প্রযুক্ত যাত্রিরা যৎকিঞ্চিৎ আহার করিয়া প্রস্তুত হইলে মেষপালকেরা তাহারদিগকে ক্ষেত্রে লইয়া পূর্ব্বে খ্রীষ্টীয়ানকে যাহা দেখাইয়াছিলেন তাহা তাহারদিগকে প্রথমে দেখাইলেন। প্রথম ভাগের ১৭১ পৃষ্ঠাবধি পাঠ করিয়া দেখুন।

অপর ঐ মেষপালকেরা যাত্রিরদিগকে অন্যং কতকগুলিন নূতনং স্থানে লইয়া গেলেন। তাহার মধ্যে আশ্চর্য্যবোধনামক পর্ব্বতে প্রথমতঃ লইয়া সেইস্থানে পহুঁছিলে গিরিরদিগকে স্ববাক্যদ্বারা চালনকারি এক লোককে কিঞ্চিদ্দূর দণ্ডায়মান তাহারদিগকে দেখাইলেন। ঐ লোককে দেখিয়া যাত্রিরা মেষপালকেরদিগকে জিজ্ঞাসিল ইহার অভিপ্রায় কি তাহাতে তাহারা কহিল যাত্রিনামক পুস্তকের প্রথমভাগে নির্ণীত মহানুগ্রহনামক মহাশয়ের পুত্র উনি। তিনি যে সেই স্থানে স্থাপিত হইয়াছেন তাহার কারণ কহি স্বপথে প্রাপ্ত কষ্ট বাধা ইত্যাদি যাত্রিরা যে প্রত্যয়দ্বারা পথবহির্ভূত করণে সুশিক্ষিত হয় এতদর্থে। তাহাতে বৃহচ্চিত্ত মহাশয় কহিলেন আমি তাহাকে জানি তিনি অনেকের মধ্যে এক জন।

তাহার পরে মেষপালকেরা যাত্রিরদিগকে নির্দ্দোষপর্ব্বত নামক অন্য এক স্থানে লইয়া গেলেন সেই স্থানে তাহারা শুক্লবস্ত্র পরিহিত এক জনকে এবং অশুদ্ধনামক ও কুবাঞ্ছনামক দুই ব্যক্তিকে তাহার গাত্রে সর্ব্বদা কর্দ্দম প্রক্ষেপ করিতে দেখিল। কিন্তু দেখুন কর্দ্দম ইত্যাদি যাহা তদুপরি প্রক্ষিপ্ত হইয়াছিল তাহা তৎক্ষণে ঝরিয়া পড়িল তাহাতে কখনো কর্দ্দমদ্বারা লিপ্ত হয় নাই এইমত তাহার বস্ত্র দেখাইত।

তাহা দেখিয়া যাত্রিরা জিজ্ঞাসিল ইহার অভিপ্রায় কি। তাহাতে মেষপালকেরা কহিলেন ঐ মনুষ্যের নাম ঈশ্বরাত্মক এবং তাহার বস্ত্রেতে তাহার আচরণের নির্দ্দোষতা দর্শায়। যাহারা তদুপরি কর্দ্দম প্রক্ষেপ করে তাহারা তাঁহার ভদ্রকার্য্য তুচ্ছ করে কিন্তু আপনারা যেমত দেখিতেছেন ঐ কর্দ্দম তাঁহার বস্ত্রে

লাগিয়া থাকে না তেমন এই জগতে নির্দোষাচারি ব্যক্তিরদেরও তদবস্থা জানিবেন। তদ্রূপ ব্যক্তিরদিগকে সমল করণে বাঞ্ছকব্যক্তিরা ব্যর্থ চেষ্টা করে যেহেতুক অল্পকালপরে ঈশ্বর তাহারদের নির্দোষিতা অরুণোদয়সদৃশ উদয় করাইবেন এবং তাহারদের যাথার্থ্য মধ্যাহ্নরৌদ্রবৎ প্রকাশ করাইবেন।

পরে ঐ মেষপালকেরা যাত্রিরদিগকে করুণানামক পর্ব্বতে লইয়া যাইয়া সেই স্থানে বস্ত্ররাশিসম্মুখে রক্ষণকারি এক মনুষ্যকে দেখাইয়া দিলেন। ঐ বস্ত্র লইয়া ঐ মনুষ্য চতুর্দ্দিকস্থ দরিদ্রেরদের নিমিত্তে জামা ইত্যাদি শেলাই করিত তথাপি তাহার বস্ত্ররাশির হ্রাস হইত না।

তাহা দেখিয়া যাত্রিরা কহিল ইহার অর্থ না জানি কি। তাহাতে মেষপালকেরা কহিলেন যে তাহা তোমারদের এতজ্জ্ঞাপনার্থে যে আত্মশ্রমপ্রাপ্তোন্নতিহইতে দরিদ্রেরদিগকে দানশীলব্যক্তির কোনো দ্রব্যের অভাব কখনো হয় না। জলসেচনকারিব্যক্ত্যুপরি জলসিক্ত হইবে। আচার্য্যকে পিষ্টকদানকারিণী বিধবার দানশীলতাপ্রযুক্ত তাহার পিষ্টকের ন্যূনতা হইল না।

অপর মেষপালকেরা যাত্রিরদিগকে এক সেক্‌চিল্লির নিকটে লইয়া গেলেন। ঐ সেক্‌চিল্লি শুক্লবর্ণ করণাশয়ে সাবান ইত্যাদি দিয়া এক কাফ্রিকে ধুইতে ছিল কিন্তু সে যত কচ্‌লায় তত আর কৃষ্ণবর্ণ হয়। তাহাতে যাত্রিরা মেষপালকেরদিগকে জিজ্ঞাসিল ইহার অভিপ্রায় কি তাহাতে তাঁহারা কহিলেন যে সকলঙ্কব্যক্তির এতদ্রূপাবস্থা জানিবেন। সকলঙ্ক ব্যক্তির সুনামোৎপাদন তাবৎ চেষ্টাতে তাহার কলঙ্ক অধিক স্পষ্ট হয় তাহার দৃষ্টান্ত দিফারিশিরদের তদ্রূপ স্পষ্ট ছিল এবং তাবৎ কাল্পনিকেরদেরও যে তদ্রূপ ইহা নিশ্চয়।

অপর মাত্তিউর ভার্য্যা অনুগ্রহশীলা আত্মমাতা খ্রীষ্টীয়ানীকে

কহিল প্রথম ভাগের ১৭২ পৃষ্ঠে কথিত পর্ব্বতপার্শ্বস্থ দ্বারের অর্থাৎ নরকগমনোপপথ নামে প্রসিদ্ধ পথের দর্শনানুমতি যদি পাইতে পারি তবে তদ্দর্শনে আমার বড় বাঞ্ছা। পরে খ্রীষ্টীয়ানী অনুগ্রহশীলার বাক্য মেষপালকেরদিগকে কহিয়া দিল তাহাতে তাহারা তদ্দ্বারসমীপে গেল ঐ দ্বার এক গিরির পার্শ্বেতে ছিল। পরে মেষপালকেরা ঐ দ্বার উন্মীলন করিয়া অনুগ্রহশীলাকে কহিলেন ক্ষণেক অবধান করুন তাহাতে সে অবধান করত বক্ষ্যমাণ নানা প্রকার বাক্যবাদি লোকেরদের কথোপকথন শুনিল এক জন কহিল কুশলের এবং জীবনের পথহইতে আমার পাদবিক্ষেপ নিষেধকারী আমার পিতা অভিশপ্ত। অন্য একেতে কহিল হায় আমি যদি খণ্ডং হইতাম প্রাণরক্ষণপ্রয়োজনপূর্ব্বে আমার প্রাণ যদি নাশ হইত। এবং আর একজন কহিল হায় এই পৃথিবীতে আমার যদি পুনর্ব্বার বাঁচিতে হয় তবে এ স্থানে পুনর্ব্বারাগমনাপেক্ষা আমি আত্মেন্দ্রিয়কে কত অধিক নিষেধ না করিব ইত্যাদি। কিঞ্চিৎপরে ঐ যুবতিস্ত্রীর পাদাধঃস্থ ভূমি ভয়প্রযুক্ত কোঁকাইতে এবং কাঁপিতে লাগিল তাহাতে তাহার মুখ পাঙ্গাশবর্ণ হইয়া সে এই কথা কহত কম্পমানা হইয়া চলিয়া গেল যে এই স্থানহইতে আমাকে মুক্তকারী এবং মুক্তকারিণী ব্যক্তিরা ধন্য।

অপর মেষপালকেরা যাত্রিরদিগকে তাবদ্বিষয় দর্শাওনানন্তর অট্টালিকায় ফিরিয়া লইয়া যাইয়া তদট্টালিকাপ্রাপ্ত সামগ্রীদ্বারা তাহারদের অতিথি করিলেন। কিন্তু অনুগ্রহশীলা অন্তরাপত্যাপ্রযুক্ত তৎকর্ত্তৃক সেই স্থানে দৃষ্ট কোনো এক দ্রব্যের জন্যে বাঞ্ছিতা ছিল কিন্তু লজ্জাপ্রযুক্ত তাহা চাহিল না। পরে তাহার শাশুড়ী তাহাকে দেখিয়া জিজ্ঞাসিল যে তোমার কি হইয়াছে যে হেতুক সে পীড়িতার ন্যায় দর্শাইয়াছিল। তাহাতে অনুগ্রহশীলা কহিল ভোজশালায় একটা দর্পণ লট্‌কান রহিয়াছে তাহার উপর আমার মন লাগিয়া রহিয়াছে তাহা যদি না পাই তবে আমার

মনে লয় গর্ব্ব নষ্ট হইবে। পরে তাহার শাশুড়ী কহিল আমি সে বিষয় মেষপালকেরদিগকে কহিব এবং তাঁহারা তোমার প্রয়োজনীয় নিষেধ করিবেন না তাহাতে সে কহিল ইহারা যদি আমার বাঞ্ছনীয়জ্ঞ হয় তবে আমার লজ্জা জন্মিবে তাহাতে তাহার শাশুড়ী কহিল হে কন্যে তদ্রূপদ্রব্য যাচ্ঞা করা একটি গুণ লজ্জার বিষয় নয় পরে অনুগ্রহশীলা কহিল হে মাতঃ আপনকার যদি ইচ্ছা হয় তবে মেষপালকেরদিগকে জিজ্ঞাসা করুন তাঁহারা তাহা বিক্রয় করিবেন কি না।

অপর ঐ দর্পণ হাজারের মধ্যে একটি ছিল বিশেষতঃ তাহার একদিগে দর্শন করিলে দর্শনকারির মূর্ত্তিসদৃশ অন্য মূর্ত্তি দেখায় এবং অন্যদিগে দর্শন করিলে যাত্রিরদের স্বীয় রাজার প্রতিমূর্ত্তি দর্শায়। অধিক কি কহিব ঐ দর্পণদর্শনকারিলোকেরদের প্রমুখাৎ আমি শুনিয়াছি যে ঐ দর্পণে দর্শন করিলে তাঁহার মস্তকোপরিস্থিত কণ্টকমুকুট এবং তদ্ধস্তস্থ এবং পাদস্থ এবং পার্শ্বস্থ ছিদ্রাবধি করিয়া দেখা যায় তদ্ভিন্ন ঐ দর্পণের এই মত গুণ যে দর্শনকারিরা যাত্রির রাজাকে যেং স্থানে দর্শনেচ্ছুক হয় সেইং স্থানে দেখিতে পায় বিশেষতঃ মৃত্যুবস্থায় বা জীবদবস্থায় এবং এই সংসারে বা স্বর্গে এবং নম্রতাবস্থায় বা বর্দ্ধমানাবস্থায় এবং দুঃখ ভোগ করণে আগমনাবস্থায় বা কর্ত্তৃত্বকরণে গমনাবস্থায় ইত্যাদি।

অতএব খ্রীষ্টীয়ানী প্রথম ভাগের ১৭০ পৃষ্ঠে কথিত জ্ঞান এবং নিপুণ এবং সচেতন এবং বাক্যনিষ্ঠনামক মেষপালকেরদের নিকটে একাকিনী হইয়া যাইয়া কহিল আমার এক কন্যা অন্তরাপত্যা আছে সে আপনকারদের গৃহস্থিত কোনো এক দ্রব্য বাঞ্ছা করে বোধ হয় এবং আপনারদের কর্ত্তৃক যদি সে নিষিদ্ধা হয় তবে তাহার মনেতে লয় তাহার গর্ব্ভ নষ্ট হইবে।

তাহা শুনিয়া নিপুণ কহিলেন তাহারে ডাকং আমারদের দেওনসমর্থ যাহা তাহা সে অবশ্য পাইবে তাহাতে তাহারা তাহাকে

ডাকাইয়া কহিল হে অনুগ্রহশীলে আপনি কি চান তাহাতে সে রক্তবদনা হইয়া কহিল ভোজশালায় লুণ্ঠমান বৃহদ্দর্পণ আমি চাই তাহাতে বাক্যনিষ্ঠমহাশয় দৌড়িয়া তাহা আনিয়া অত্যাহ্লাদবদনপূর্ব্বক তাহাকে দিলেন। তাহা পাইয়া অনুগ্রহশীলা প্রণাম স্তুতি করিয়া কহিল ইহার দ্বারা আমি জানি যে আমি আপনকারদের গোচরে অনুগ্রহ পাইয়াছি।

অপর মেষপালকেরা অন্যং যুবতি স্ত্রীলোকেরদিগকে যদ্যদ্বাঞ্ছনীয় তাহা দিলেন এবং তাহারদের স্বামিরদের বহুপ্রশংসা করিলেন যেহেতুক তাহারা নিরাশনামক বীরহননবিষয়ে এবং সন্দেহনামক গড়ভঞ্জনবিষয়ে বৃহচ্চিত্তমহাশয়ের উপকার করিয়াছিলেন।

পরে মেষপালকেরা খ্রীষ্টীয়ানীর গলায় এবং তাহার কন্যা চতুষ্টয়ীরদের গলায় হার এবং তাহারেদের কর্ণে কুণ্ডল এবং কপালে সিঁতি পরাইলেন।

অপর যাত্রিরা যাত্রায় অগ্রসর হওনে বাঞ্ছা করিলে মেষপালকেরা তাহারদিগকে কৌশলপূর্ব্বক বিদায় করিলেন কিন্তু প্রথম ভাগের ১৭৪ পৃষ্ঠে লিখিত পূর্ব্বে খ্রীষ্টীয়ানকে দত্ত সাবধানপত্র দিলেন না। না দেওনের কারণ কহি ইহারদের সহিত বৃহচ্চিত্তমহাশয় পথপ্রদর্শক ছিলেন ঐ বৃহচ্চিত্ত সর্ব্ববিষয়ে বহুপরিণামদর্শী তাহাতে তিনি প্রয়োজনানুসারে বিশেষতঃ আপদুপস্থিতোপক্রমমাত্রেতে তাহারদের উপদেশ দেওনে সমর্থ ছিলেন।

খ্রীষ্টীয়ান এবং তাহার সহায়েরা মেষপালকেরদের নিকট হইতে যে পরামর্শপত্র পাইয়াছিল সেই পরামর্শপত্র ব্যবহার প্রয়োজনপূর্ব্বে হারিয়াছিল। অতএব কথিত কারণদ্বারা এইক্ষণে যাত্রাকারিযাত্রিরদের সফলতা পূর্ব্বকালে যাত্রাকারিযাত্রিরদের সফলতাপেক্ষা অধিকা ছিল।

তাহাতে কথিত বাক্যের বলেতে যাত্রিরা বক্ষ্যমাণ শ্লোক চতুষ্টয় গান করিতে২ অগ্রসর হইল।

হৈয়েছে নিশ্চয়যাত্রি যাহারা সকল।
তাহারদের উপকার কারণে কেবল॥
ভোজনের দ্বারা দেখ ভোজনের মঞ্চ।
অতিশয় করে কেমন শোভার প্রপঞ্চ॥ ১॥

পরকালে অনন্তজীবনে চেষ্টা অতি।
যাহারদের হয় তাঁরা আমারদের প্রতি॥
কেমন মঙ্গলপূর্ব্বক করিয়া যতন।
অনিবার্য্যরূপে দেখ করয়ে গ্রহণ॥ ২॥

আমরা হৈলেও যাত্রি আহ্লাদিত মনে।
সুখে করি কালক্ষেপ ইহার কারণে॥
আমারদের প্রতি দেখ দানীয় কেমন।
সুন্দরসুন্দর দ্রব্য না আছে তেমন॥ ৩॥

আমারদের গমনীয় পথের মধ্যেতে।
আমরা যে যাত্রি ইহা দর্শাননিমিত্তে॥
অতি উপযুক্ত দ্রব্য করিয়া যতন।
আমারদের প্রতি তাঁরা করেন অর্পণ॥ ৪॥

চতুর্দ্দশাধ্যায়।

মহাবীর্য্যপ্রকাশক নামে মহাশয়ের এবং অলজ্জনামক মহাশয়ের সহিত যাত্রিরদের সম্মিলিত হইয়া মোহনামক ভূমি পার হওন এবং বিম্বানাম্নী ঠাকুরাণীর বিবরণ।

অপর যাত্রিরা মেষপালকেরদের নিকটহইতে বিদায় হই

লে প্রথম ভাগের ১৭৭ পৃষ্ঠে নির্ণীত ধর্ম্মপতিতনামক নগরবাসি পরাবৃত্তনামক এক জনের সহিত খ্রীষ্টীয়ানের যে স্থানে দেখা হইয়াছিল সেই স্থানে তাহারা সদ্য পহুঁছিল। অতএব পথপ্র দর্শক বৃহচ্চিত্তমহাশয় তদ্বিষয়ে যাত্রিরদের স্মরণ দিয়া কহিলেন যে স্বপরিবর্ত্তনবিবরণ স্বপৃষ্ঠে লুণ্ঠমান পরাবৃত্তনামক ব্যক্তির সহিত খ্রীষ্টীয়ানের এই স্থানে দেখা হইয়াছিল এবং ঐ ব্যক্তির বিষয় আমার ইহা কথয়িতব্য যে সে কখনো কাহারো পরামর্শে কর্ণ দিত না এবং একবার পতিত হওনে আরম্ভ করিলে কো নো পরামর্শ তাহাকে আটকীয়া রাখিতে পারিত না।

পরাবৃত্তনামক ঐ ব্যক্তি যখন ক্রুশ এবং গুহস্থিত স্থানে পহুঁ ছিল তখন দর্শন কর এই বাক্যবাদি এক জনের সহিত তাহার দে খা হইল কিন্তু সে দন্তঘর্ষাইয়া এবং পাদদ্বারা আঘাত করিয়া কহিল আমি আপন নগরে ফিরিয়া যাওনে পণ করিয়াছি। পরে ঐ ব্যক্তি দ্বারেতে পহুঁছনপূর্ব্বে মঙ্গলবাঞ্ছকের সহিত তাহার দেখা হইয়াছিল তাহাতে মঙ্গলবাঞ্ছক তাহাকে পথেতে পুনর্ব্বার পরাবৃত্ত করাওনার্থে চেষ্টা করিতে চাহিয়াছিলেন কিন্তু সে তাঁ হাকে অবহেলা করিয়া এবং তাঁহাকে অনেক তিরস্কার করিয়া প্রাচীর টপ্‌কিয়া তাঁহার হস্তহইতে এড়াইল।

অপর যাত্রিরা অগ্রসর হইল এবং দেখ প্রথম ভাগেতে কথিত অল্পবিশ্বাসিনামক ব্যক্তি যে স্থানে চোরকর্ত্তৃক অপহৃত হইয়াছিল সেই স্থানে নিষ্কোষখড়্গহস্ত এবং মুখ রক্তাচ্ছন্ন এক মনুষ্য দাঁড়ি য়া রহিয়াছিল। তাহাকে দেখিয়া বৃহচ্চিত্তমহাশয় জিজ্ঞাসি লেন তুমি কে তাহাতে ঐ মনুষ্য উত্তর করিয়া কহিল সত্যতার্থে বীর্য্যপ্রকাশক আমার নাম আমি এক জন যাত্রী এবং স্বর্গীয় রাজধানীতে যাইতেছি। আমি পথে অগ্রসর হইতেছিলাম ইতোমধ্যে তিন লোক আসিয়া আমাকে ঘেরিয়া বক্ষ্যমাণ বাক্য ত্রয়দ্বারা আমাকে ভেটিল প্রথমতঃ তুই আমারদের এক জন হবি

কি না। দ্বিতীয়তঃ বা যে স্থানহইতে আসিয়াছিস সেই স্থানে ফিরিয়া যাবি কি না। তৃতীয়তঃ বা এই স্থানে মরিবি। ঐ প্রশ্নত্রয় মধ্যে আমি প্রথম প্রশ্নবিষয়ে এই উত্তর করিলাম যে আমি বহু কালাবধি যথার্থমনুষ্য অতএব এখন যে আমি চোরের অংশী হই ইহা তোমারদের আশা করণ অনুচিত। পরে তাহারা কহিল ভাল দ্বিতীয় প্রশ্নের কি উত্তর দিবি দে দেখি তাহাতে আমি তাহারদিগকে কহিলাম যে আমি যে স্থানহইতে আসিয়াছি সেই স্থানে যদি আমার অশুভ না হইত তবে কখনো তাহা ত্যাগ করিতাম না কিন্তু তাহা আমার বিষয়ে সর্ব্বপ্রকারে অশুভপ্রযুক্ত এবং অলভনীয়প্রযুক্ত আমি এই পথ অবলম্বনার্থে তাহা ত্যাগ করিলাম। পরে তাহারা আমাকে জিজ্ঞাসা করিল যে ভাল কিন্তু তৃতীয় প্রশ্নের কি উত্তর দিবি কহ শুনি তাহাতে আমি তাহারদিগকে কহিলাম আমি যে লঘুরূপে আপনার প্রাণ ব্যয় করি এতদপেক্ষা আমার প্রাণ বহুমূল্যক তদ্ভিন্ন তোরা আমার মনোনীতার্থে যে এ প্রকার প্রশ্ন করিস এতদ্বিষয়ে তোরদের কোনো কার্য্য নাই অতএব তোরা যদি আমার কিছু মন্দ করিস তবে সামালিয়া থাক। পরে ঐ তিন ব্যক্তি বিশেষতঃ পাগলামাথা এবং অবিবেচক এবং পরবিষয়চর্চ্চক নামে তিন জন আমার উপরে চাপিয়া পড়িল এবং আমিও তাহারদের উপর পড়িলাম।

ঐ রীতিক্রমে আমরা পড়িয়া গেলাম বিশেষতঃ তিন ঘণ্টাপর্য্যন্ত তিন জনের সঙ্গে এক জন। আপনারা যেমন দেখিতেছেন তেমন তাহারা আমার উপরে তাহারদের বীরত্বের যৎকিঞ্চিৎ চিহ্ন রাখিয়া গিয়াছে এবং আমার বীর্য্যপ্রকাশক কতকগুলিন চিহ্ন লইয়া তাহারাও গিয়াছে। তাহারা এই মাত্র যাইতেছে আমার অনুমানে লয় যে উপদেশবাক্যানুসারে তাহারা অশ্বের ঝনং শব্দ শুনিবামাত্রেতে পলায়ন করিল।

তাহা শুনিয়া বৃহচ্চিত্তমহাশয় কহিলেন যে ঐ যুদ্ধেতে তিন জন এক জনের সহিত যুদ্ধ করাপ্রযুক্ত তাহা অত্যসমযুদ্ধ ছিল।

তাহাতে মহাবীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন তাহা সত্য কিন্তু সত্যতা যাহার পক্ষে তাহার প্রতি অসমতাতে কিছু করিতে পারে না। এক মহদ্ব্যক্তিতে কহিয়াছেন যে মহাসৈন্য আমার প্রতিকূলে ছাউনি করিলেও আমার অন্তঃকরণ ভীত হইবে না এবং সংগ্রাম আমার প্রতিকূলে উত্থাপিত হইলেও ইহাতে আমি দৃঢ়াশ হইব ইত্যাদি। তদ্ভিন্ন সে কহিল এক ব্যক্তিতে এক সম্পূর্ণ সৈন্যের সহিত যুদ্ধ করিয়াছে এবং শাম্‌শন্ এক গর্দ্দভের হনুদ্বারা কত না জানি হত করিয়াছিল এই সমস্ত বাক্য কোনো এক আখ্যায়িকার মধ্যে আমি পাঠ করিয়াছি।

তাহা শুনিয়া বৃহচ্চিত্তনামক পথপ্রদর্শক কহিলেন তোমার উপকারার্থে কেহ যে আইসে এতজ্জন্যে তুমি চেঁচাইলা না কেন।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন হাঁ আমি আপনার রাজার নিকটে প্রার্থনা করিয়াছিলাম এবং তিনি যে আমার প্রার্থনা শুনিতে পারেন এবং অদৃশ্যরূপে উপকার করিতে পারেন ইহা আমি নিশ্চয় জানি এবং তাহাতে আমার যথেষ্ট ছিল।

তাহাতে বৃহচ্চিত্তমহাশয় সত্যতার্থে বীর্য্যপ্রকাশক মহাশয়কে কহিলেন আপনি আপনার যথেষ্ট বীর্য্য প্রকাশ করিয়া যথার্থ রূপে আচরণ করিয়াছেন আপনকার খড়্গ দেখাওনে অনুমতি করুন তাহাতে তিনি তাহা দেখাইলেন।

পরে বৃহচ্চিত্ত ঐ খড়্গ হস্তে গ্রহণ করিয়া ক্ষণেক দর্শনানন্তর কহিলেন আহা ইহা প্রকৃত যিরূশালমীয় খড়্গ।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন তাই বটে মনুষ্য যদি এইমত এক খড়্গমাত্র পাইতে পারে এবং তচ্চালনার্থে সামর্থ্যবানহস্ত এবং প্রচুর নিপুণতা থাকে তবে সে স্বর্গীয়দূতের সহিত

লড়াই করিতে পারে এবং তদ্দ্বারা আঘাতকরণজ্ঞ হইলে তাহাতে যে কার্য্য সিদ্ধ হইবে ইহাতে কোনো সন্দেহ নাই তাহার ধার কখনো ভোঁতা হইবে না তদ্দ্বারা মাংস অস্থি প্রাণ এবং আত্মপ্রভৃতি ছিদ্য হয়।

পরে বৃহচ্চিত্তমহাশয় কহিলেন কিন্তু আপনি বহুকাল যুদ্ধ করিয়াছিলেন ইহাতে যে বহুশ্রান্ত হন নাই ইহা আমার অত্যাশ্চর্য্য বোধ হয়।

তাহাতে মহাবীর্য্যমহাশয় কহিলেন আমার তলোআর যাবৎ আমার হস্তের সহিত সংলগ্ন না হইল তাবৎ আমি যুদ্ধ করিলাম তাহাতে আমার হস্তহইতে তলোআর গাজিয়া বাহির হইয়াছে এই মত আমার হস্ত এবং তলোআর এক বোধ হইল এবং যখন আমার অঙ্গুলির মধ্যদিয়া রক্ত ঝরং করিয়া পড়িতে লাগিল তখন আমি অধিক সাহসপূর্ব্বক যুদ্ধ করিলাম।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত কহিলেন আপনি উত্তম করিয়াছেন আপনি পাপপ্রতিকূলে বিরোধ করণে রক্তক্ষরণপর্য্যন্ত যুদ্ধ করিয়াছেন আপনি আমারদের সঙ্গী হইবেন আমারদের সহিত অন্তরাগমন এবং বহির্গমন করুন কেননা আমরা আপনকার সঙ্গিলোক।

পরে যাত্রিরা ঐ মহাবীর্য্যকে আপনারদের নিকটে গ্রহণানন্তর এবং তাঁহার ক্ষত ঔষধদ্বারা ধৌত করণানন্তর এবং তাঁহার শ্রান্তি নিবৃত্ত্যর্থে আপনারদের স্থানস্থ যৎকিঞ্চিৎ আহার দেওনানন্তর তাঁহারা একত্রে চলিলেন। অপর যাত্রিরা অগ্রসর হওন সময়ে বৃহচ্চিত্তমহাশয় মহাবীর্য্যনামক ঐ ব্যক্তিতে অতিসন্তোষ প্রযুক্ত কেননা তিনি আপনার মত বীর্য্যবিশিষ্ট এক লোক প্রাপণেতে তাঁহাকে অতিশয় প্রেম করিলেন এবং তাঁহারা দুর্ব্বলেরদের এবং অসুস্থব্যক্তিরদের সহিত গমনপ্রযুক্ত বৃহচ্চিত্তমহাশয় বক্ষ্য

মাণরূপে মহাবীর্য্যমহাশয়কে অনেক বিষয়ে প্রশ্ন করিলেন বিশেষতঃ আপনি কোন দেশীয় লোক।

তাহাতে মহাবীর্য্য কহিলেন আমি অন্ধকারনামক দেশহইতে আসিয়াছি যেহেতুক সেই স্থানে আমার জন্ম এবং সেই স্থানে আমার পিতামাতা অদ্যপর্য্যন্ত বাঁচিয়া আছেন।

তাহা শুনিয়া বৃহচ্চিত্ত নামে পথপ্রদর্শক জিজ্ঞাসিলেন অন্ধকারনামক দেশহইতে আসিয়াছেন কহিতেছেন সেই কি ধ্বংসিনামক নগরস্থিত তটস্থ এক দেশ নয়।

তাহাতে মহাবীর্য্য উত্তর করিলেন যে হাঁ তত্তটস্থ বটে কিন্তু আমি যে জন্যে যাত্রায় অগ্রসর হইয়াছি তাহার কারণ কহি যথার্থবাদিনামক মহাশয় এক জন আমারদের অঞ্চলে আসিয়া ধ্বংসিনগরহইতে গমনকারি খ্রীষ্টীয়ানের কৃত কার্য্য বিবরণ আমারদিগকে অবগত করাইয়াছিলেন বিশেষতঃ ঐ খ্রীষ্টীয়াননামক ব্যক্তি যে প্রকার আত্মভার্য্যা এবং সন্ততি ত্যাগ করিয়া যাত্রিবেশ ধারণ করিয়াছিল। তদ্ভিন্ন আমারদের অঞ্চলে নিশ্চয়রূপে গল্প হইয়াছিল যে ঐ খ্রীষ্টীয়ান আপন গমন নিবারণকারি এক সর্পকে যেপ্রকারে নষ্ট করিয়াছিল এবং তাহার বাঞ্ছনীয় স্থানে সে অবশেষে যেপ্রকারে পহুঁছিয়াছিল। তদ্ভিন্ন সে আপন প্রভুকর্ত্তৃক নিযুক্ত অতিথিস্থানে যে প্রকারে অতিথি হইয়াছিল ইহাও কথিত হইয়াছিল বিশেষতঃ যখন সে স্বর্গীয়রাজধানীদ্বারেতে পহুঁছিল তখন তূরীশব্দসহকারে এবং কতকগুলিন জাজ্বল্যমানব্যক্তিকর্ত্তৃক যেপ্রকার গৃহীত হইয়াছিল ইহা ঐ যথার্থবাদি মহাশয় কহিয়া দিলেন। তদ্ভিন্ন খ্রীষ্টীয়ানের স্বর্গীয় রাজধানীতে গৃহীতহওনকালে আহ্লাদপ্রযুক্ত তদ্রাজধানীর ঘণ্টাসমস্ত যে প্রকার বাদ্য করিয়াছিল এবং সে স্বর্ণময় বস্ত্রেতে যে প্রকার পরিহিত ছিল এবং আমাকর্ত্তৃক এইক্ষণে অকথনীয় অন্যং অনেক

বিষয় তিনি আমারদিগকে কহিয়া দিলেন। অধিক কি কহিব ঐ যথার্থবাদি মহাশয় ঐ খ্রীষ্টীয়ানের গম্প্রবিষয়ে এবং তাহার যাত্রাবিষয়ে এমত সুন্দররূপে বর্ণনা করিলেন যে তাহার পশ্চাদ্গমনার্থে আমার অন্তঃকরণ এমত জ্বলিয়া গেল যে পিতা বা মাতা আমারে আটক করিয়া রাখিতে পারিলেন না। ঐ রীতিক্রমে আমি তাঁহারদের হস্তহইতে এড়াইয়া এতদূরপর্য্যন্ত আসিয়াছি।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন আপনি দ্বার হইয়া আসিয়াছিলেন বটে কি না।

তাহাতে বীর্য্যপ্রকাশকমহাশয় কহিলেন হাঁং যেহেতুক সেই মনুষ্য কহিলেন তোমরা যদি প্রকৃত দ্বারে প্রবেশ করিতে আরম্ভ না কর তবে সকলি বৃথা হইবে।

পরে বৃহচ্চিত্ত নামে পথপ্রদর্শক খ্রীষ্টীয়ানীকে কহিলেন তোমার স্বামির যাত্রা এবং তদ্যাত্রাদ্বারা তৎকর্তৃক প্রাপ্তলাভ নিকটে বা দূরে সর্ব্বত্র প্রকাশ পাইয়াছে।

তাহা শুনিয়া বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন ইনি কি খ্রীষ্টীয়ানের ভার্য্যা।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হাঁ তিনিই বটেন এবং ইহারা তাঁহার সন্ততিচতুষ্টয়।

পরে বীর্য্যপ্রকাশক মহাশয় জিজ্ঞাসিলেন যে কিং এবং ইহারাও কি যাত্রায় যাইতেছেন।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন হাঁ নিশ্চয় ইহারা তাঁহার পশ্চাদ্গামী।

পরে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন ইহাতে আমার অতিশয় আহ্লাদ। সে অতিশিষ্টমানুষ যখন দেখে যে যাহারা পূর্ব্বে তাহার সহিত গমনে অনিচ্ছুক তাহারা স্বর্গীয় রাজধানীদ্বারেতে প্রবিষ্ট হইতেছে তখন তাহার আহ্লাদ কত বা না হইবে।

বৃহচ্চিত্ত কহিলেন নিঃসন্দেহে তাহা তাহার প্রতি অতিসান্ত্বনার বিষয় হইবে যেহেতুক সেই স্থানে আপনার পহুঁছনের আহ্লাদ পরে আপনার ভার্য্যার এবং সন্ততিরদের পহুঁছনের আহ্লাদের অধিক কি।

অপর বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন এইক্ষণে আপনি তদ্বিষয়ক কথোপকথন করিতেছেন অতএব মিনতি করি তদ্বিষয়ে আপনি কি ভাবেন কহুন শুনি কেহ২ সন্দেহ করে যে স্বর্গীয়রাজধানীতে পহুঁছিলে আমারা একজন অন্যকে চিনিতে পারিব কি না।

তাহাতে বৃহচ্চিত্ত কহিলেন যে তাহারা তখন আপনারদিগকে চিনিবে কি না বা সেই সুখভোগস্থানে আপনারদিগকে দেখিয়া আহ্লাদ করিবে কি না এতদ্বিষয়ে তাহারদের মনে কি লয় অতএব তাহারা যদি ভাবে যে আমরা অবগত হইব এবং তদ্রূপ আহ্লাদিত হইব তবে অন্যকে যে চিনিবে না এবং তাহারদের মঙ্গলেতে আহ্লাদ করিবে না ইহার কারণ কি।

অপর প্রশ্ন করি এতচ্ছারীরিকাবস্থা নাশ হইলেও জ্ঞাতি সর্ব্বদা আত্মসদৃশ অতএব ঐ স্বর্গীয় রাজধানীতে তাহারদের অভাব দর্শনাপেক্ষা তাহারদের অবস্থিতি দর্শনে আমরা যে অধিক আহ্লাদিত হইব ইহা বোধ করা কি উচিত নয়।

তাহা শুনিয়া বীর্য্যপ্রকাশকমহাশয় কহিলেন এবিষয়ে আপনকার অভিপ্রায় কি তাহা আমি অবগত হইয়াছি আমার যাত্রিবেশধারণারম্ভবিষয়ে আপনকার অন্য কিছু জিজ্ঞাসা আছে কি না কহুন শুনি।

তাহাতে বৃহচ্চিত্ত মহাশয় কহিলেন হাঁ আছে আপনি যে যাত্রিবেশ ধারণ করেন এতদ্বিষয়ে আপনকার পিতামাতারা সম্মত ছিলেন কি না।

বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন না না ঘরে থাকিবার জন্যে

তাঁহারা আমাকে পরামর্শ দেওনে সাধ্যানুসারে চেষ্টা পাইয়া ছিলেন।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন যে যাত্রিবেশধারণ প্রতিকূলে তা হারদের কি বক্তব্য ছিল।

বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন যে তাঁহারা কহিলেন যাত্রি বেশধারণ অলসকার্য্য অতএব তুমি আলস্যের প্রতি এবং কার্য্যামনোযোগ প্রতি বাঞ্ছান্বিত না হইলে যাত্রিবেশধারণ বিষয়ে পক্ষপাতী হইবা না।

অপর বৃহচ্চিত্ত মহাশয় জিজ্ঞাসিলেন যে ভাল কিন্তু তদ্ভিন্ন তাহারা কি কহিয়াছিল।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন যে তদ্ভিন্ন তাঁহারা কহিলেন যে ঐ পথ অতিশয় আপদ্বিশিষ্ট বিশেষতঃ যাত্রিরা যে পথে গমন করে তাহা এই জগৎস্থ সর্ব্বপথাপেক্ষা অধিক আপদ্ময় এবং অতিশয় উপদ্রব বিশিষ্ট।

পরে বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন এই পথ কোন বিষয়ে আপদ্যুক্ত ইহা কি তাহারা তোমাকে দেখাইয়া দিয়াছিল।

বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন হাঁ অনেক বিষয়ে তাঁহারা তাহা দর্শাইয়া দিয়াছিলেন।

অপর বৃহচ্চিত্ত জিজ্ঞাসিলেন তাহার কতকগুলিন বিশেষ করিয়া কহুন শুনি।

তাহাতে বীর্য্যপ্রকাশক মহাশয় কহিলেন খ্রীষ্টীয়ান যে ভরসাহীন পঙ্কে পড়িয়াপ্রায় নিমগ্ন হইয়াছিল ইহা তাঁহারা আমাকে কহিয়া দিলেন তদ্ভিন্ন ক্ষুদ্রদ্বার প্রবেশস্থানে প্রবেশার্থে আঘাতকারিরদিগকে বাণক্ষেপণার্থে বঅল্জবব নামক গড়েতে ধনুর্দ্ধর নিত্য দণ্ডায়মান থাকে ইহাও কহিয়া দিলেন তদ্ভিন্ন তাঁহারা মহাবনবিষয়ে এবং ঘোরান্ধকারবিশিষ্ট পর্ব্বতবিষয়ে এবং